১৬ পাতার সংখ্যা
দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 35 ■ Issue No. 50 ■ 17th December 2022 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

10th, 12th, BA, MA, B.Sc, M.Sc, B.Com, M.Com, B.Lisc, B.Ed, B.P.Ed, M.Ed, M.P.Ed, D.El.Ed, LLB, LLM, D.Pharmacy, B.Pharmacy, Paramedical, GNM / B.Sc. Nursing, BBA, BCA, MBA, MCA, B.Tech, M.Tech, Hotel Management, Ph.D

HALDAR GROUP (সোনারপুর) 7980447585

Govt. Regd. No. IV-1903-00118/2022 www.haldargroup.org

স্টাফ সিলেকশন কমিশনের কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি পরীক্ষার মাধ্যমে

# কেন্দ্রীয় সরকারে ৪,৫০০ ক্লার্ক, ডাটা এন্ট্রি অপারেটর

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রকালয়, বিভাগ ও অফিসে কাজের জন্য 'লোয়ার ডিভিশন ক্লার্ক / জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট' ও 'ডাটা এন্ট্রি অপারেটর' পদে ৪,৫০০ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে কিংবা প্রতি ঘন্টায় ১০,৫০০ কী ডিপ্রেশনে গতি থাকলে 'লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট/জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট' পদের জন্য আবেদন করতে পারেন।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ডাটা এন্ট্রির কাজে ঘন্টায় অন্তত ৮,০০০ কী ডিপ্রেশনে গতি থাকলে 'ডাটা এন্ট্রি অপারেটর (ডাটা এন্ট্রি অপারেটর গ্রেড-এ কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অফ ইন্ডিয়া ছাড়া) পদের জন্য আবেদন করতে পারেন।

অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ডাটা এন্ট্রির কাজে ঘন্টায় অন্তত ১৫,০০০ কী ডিপ্রেশনে গতি থাকলে 'ডাটা এন্ট্রি অপারেটর গ্রেড-এ কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অফ ইন্ডিয়া' পদের জন্য আবেদন করতে পারেন।

সব পদের বেলায়ই উচ্চতর যোগ্যতার প্রার্থীরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ০১-০১-২০২২'র হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে, অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৫ থেকে ১-১-২০০৪'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : লোয়ার ডিভিশন ক্লার্ক/জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। ডাটা এন্ট্রি অপারেটর পদে ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৪,৫০০টি। পদ অনুযায়ী ও ক্যাটেগরিভিত্তিক

☞ এরপর ৫ পাতায়

নতুন ব্যাচে ভর্তি চলছে
ICE Academy
WBCS'24 SSC
General Combined
PSC-JE (EE, ME, CE)
বালিগঞ্জ কেন্দ্র
9804412898
7044517509

## কেন্দ্রীয় সংস্থায় ১৩৫ ইঞ্জিনিয়ার

**নিজস্ব প্রতিনিধি :** টি.এইচ.ডি.সি. লিমিটেড 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ১০০ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং

☞ এরপর ১৬ পাতায়

## এয়ারপোর্ট অথরিটিতে ৫৯৬ জুনিয়র এক্সিকিউটিভ

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** এয়ারপোর্টস অথরিটি অফ ইন্ডিয়া 'জুনিয়র এক্সিকিউটিভ (ইলেক্ট্রনিক্স)', 'জুনিয়র এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ারিং (সিভিল)', 'জুনিয়র এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল)' ও 'জুনিয়র এক্সিকিউটিভ (আর্কিটেকচার)' পদে ৫৯৬ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন

☞ এরপর ২ পাতায়

## ডি.ভি.সি'তে ১০০ ইঞ্জিনিয়ার

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** দামোদর ভ্যালি কর্পোরেশন 'গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার ট্রেনি' পদে ১০০ জন লোক নিচ্ছে।

**গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার ট্রেনি (মেকানিক্যাল) :** মেকানিক্যাল, প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন অ্যান্ড

☞ এরপর ১৬ পাতায়

## কেন্দ্রীয় বিদ্যালয়ে ৩,১৭৬ শিক্ষক-শিক্ষিকা ও লাইব্রেরিয়ান

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কেন্দ্রীয় বিদ্যালয়ের কলকাতা, শিলচর, তিনসুকিয়া, ভুবনেশ্বর, দিল্লি, গুয়াহাটি, রাঁচী, পটনা-সহ সারা ভারতের ১,২৫২টি শাখায় পড়ানোর জন্য 'ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার', 'পোস্ট-গ্র্যাজুয়েট টিচার' ও 'মিসলেনিয়াস টিচার' পদে ৩,১৭৬ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (ইংরিজি) :** ইংরিজি বিষয় নিয়ে গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। শূন্যপদ : ৪০১টি

☞ এরপর ৪ পাতায়

সরাসরি ভর্তির শেষ সুযোগ !!
২০২২-২৩ একাডেমিক সেশনে
ভর্তির শেষ তারিখ 25.12.2022



G.N.M নার্সিং
WBNC
পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিল অনুমোদিত কলেজ



স্কলারশিপ
কোর্স ফিসের উপর
১ লক্ষ টাকা
সকলের জন্য
বিশেষত্ব :
ভর্তি ফিস মাত্র ৯৮০০/- (নয় হাজার আটশত টাকা) মাত্র।
বাকি ফিস মাসিক কিস্তিতে বা এডুকেশান লোন অথবা স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে।
১০০% Job গ্যারান্টি
যোগ্যতা - যেকোনো শাখায় ন্যূনতম 45% মার্কস নিয়ে উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা আবেদন যোগ্য।
ANGEL DAY SCHOOL OF NURSING
An ISO 9001: 2015 Certified Organization
Affiliated to West Bengal Nursing Council (WBNC),
Recognized by Directorate of Health Services, Govt. of West Bengal
Call @ -7980144071, 9734716994
Barasat, Amdanga, North 24 Parganas

## বায়ুসেনায় ১০৮ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** ভারতীয় বিমানবাহিনীর ওঝার (নাসিক) এয়ার ফোর্স স্টেশন টেকনিক্যাল ক্যাটেগরিতে অ্যাপ্রেন্টিস হিসাবে ১০৮ জন ছেলেমেয়ে নিচ্ছে। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ৬৫% নম্বর পেয়ে যে কোনো ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১-৪-২০২৩'এর হিসাবে ১৪ থেকে ২১ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৩৭ সেমি আর ওজন অন্তত ২৫.৪ কেজি। ট্রেনিং শুরু ৩ এপ্রিল। স্টাইপেন্ড মাসে ৮,৮৫৫ টাকা। শূন্যপদ : (Course No.) 4/M/2023) মেশিনিস্ট ৩টি, (Course No. 04/SM/2023) শীট মেটাল ওয়ার্কার

☞ এরপর ১৫ পাতায়

ভেতরের পাতায় : ৮ কেন্দ্রীয় বাহিনীর কনস্টেবল পদের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর ■ পাওয়ার গ্রিড কর্পোরেশনে ২১১ ডিপ্লোমা ট্রেনি

## 'টেট' হল নির্বিঘ্নে, ফল বেরোবে নতুন বছরের শুরুতেই

**রঞ্জিৎ ঘোষ :** ১১ ডিসেম্বরের প্রাইমারি 'টেট' হল নির্বিঘ্নে। ৬ লাখ ৯০ হাজার ৯৩২ জন দরখাস্তকারীর মধ্যে পরীক্ষা দিয়েছেন ৬ লাখ ১৭ হাজার ৪৫৩ জন প্রার্থী। উপস্থিতির শতকরা হার ৮৯.৩৬%। পরীক্ষা হয়েছে সারা রাজ্যের ১,৪৬০টি পরীক্ষাকেন্দ্রে।

শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানান, ১১ ডিসেম্বর 'টেট' কোয়ার্টার ফাইনাল হল। এরপর ইন্টারভিউ হবে সেমিফাইনাল। আর ফাইনাল হবে যেদিন নিয়োগপত্র দেওয়া

☞ এরপর ২ পাতায়

## পারমাণবিক শক্তি দফতরে ২৪৩ অ্যাসিস্ট্যান্ট ও স্টেনো

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেডের কাকরাপাড় গুজরাত সাইট 'স্টাইপেন্ডিয়ারি ট্রেনি/ সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট', 'স্টাইপেন্ডিয়ারি ট্রেনি (মেন্টেনার)', 'অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।', 'স্টেনো গ্রেড-।' পদে ২৪৩ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য:

**ক্যাটেগরি-। স্টাইপেন্ডিয়ারি ট্রেনি /সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (মেকানিক্যাল) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা

☞ এরপর ১৫ পাতায়

DIRECT ADMISSION
বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের জন্য



ফিজিওথেরাপি চিকিৎসার জগতে প্রতিষ্ঠার প্রতিশ্রুতি
THE WEST BENGAL UNIVERSITY OF HEALTH SCIENCES
Affiliated
BARACKPORE COLLEGE OF EDUCATION
(Institute of Physiotherapy and Allied Health Sciences)
2022-'23 Admission Process is on
BACHELOR OF PHYSIOTHERAPY ( BPT )
8582933150, 9830619194, 7044440901
E-mail : bce.bpt.bkp@gmail.com Website : bceweb.org

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
✆ : ৯৮৩০৬২৪১৭০
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স,
আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

**Urgent Basis Required**
In a Reputed Management College of Kolkata
**Posts :**
- Receptionist
- Tele Caller
- Sales & Marketing Staff
- Hospital Management Faculty

M : 6289638534

## স্কুল-কলেজ-শিক্ষা

আমাদের এখানে WBCS-এর Bengali Main Subject পড়ানো হয়। যোগাযোগ করুন বাঁশদ্রোনী, Mobile : +919831165324 SH(A)

Distance / Regular Admission Going on– MBA, BBA, MCA, MA, BA, B.Ed, Ph.D. কর্মরতদের বিশেষ সহযোগিতার ব্যবস্থা আছে। Bright Future : 8373010007, 9932233506. Burdwan / Arambagh. S

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এক কপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

## স্কুল-কলেজ-শিক্ষা

**নার্সিং রেজিস্ট্রেশন**
ব্যাঙ্গালোর/অন্য রাজ্য থেকে GNM/B.Sc. নার্সিং student-রা W.B Nursing Council-এ নাম Regd. করুন। মাধ্যমিক/H.S/ B.A/M.B.A/B.Ed./B.Libs/ L.L.B/Ph.D./B.Ed. সরাসরি সার্টিফিকেট। Gun লাইসেন্সের জন্য যোগাযোগ করুন। FUTURE ACADEMY, Durgapur. Mobile : 9476470958 B

ফিজিওথেরাপী, অপ্টোমেট্রি, নার্সিং, ECG, X-Ray কোর্সে ভর্তি চলছে। CBMC – 8697893849, 32, Surya Sen Street, Kolkata-9 CM

## কর্মখালি

**জাহাজে ও ডকে জব**
ভারতবর্ষের বিভিন্ন বন্দরে খিদিরপুর, হলদিয়া হইতে আন্দামান 87 জন M/F নিয়োগ। বেতন: 27,300/-–64,700/-. PF, ESI, ছুটি। 9434565153 SA

**GOVT./PVT. Bank-এ**
জেলাভিত্তিক স্মার্ট বাংলাভাষী 312 জন M/F (18–36) শীঘ্রই নিয়োগ। বেতন : 13,537/-–32,650/-. বেলঘরিয়া : 8981331204, হাওড়া/বেহালা : 8479947154 D

## কর্মখালি

একটি নামী শিক্ষাপ্রতিষ্ঠানে রাজ্যের সব জেলায় মার্কেটিং এক্সিকিউটিভ শীঘ্র নিয়োগ। আকর্ষণীয় আয়। Call/Wapp. : 6291961779 R

**DIRECT JOINING**
Govt.RL.No - 6374 এয়ারপোর্ট ও ব্যাঙ্কে (8ম/স্নাতক) M/F কর্মী চাই। বেতন : 21,700/-–52,300/-) থাকা-খাওয়া ফ্রী। Ex-আর্মির সত্বর - M : 9474513162 SA

প্রাইভেট ব্যাঙ্কে স্থায়ী জব — Age : 18-35, HS & Graduate. Salary :14k-22K. নিজ এলাকা। হাওড়া-হুগলি : 9477762102, বনগাঁ শিয়ালদহ : 9477762101 R

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**
L.C No-WB53K76 পঃ বাংলার 23টি জেলায় Pvt. Bank DSA-তে Back Office এছাড়া যোগ্যতানুযায়ী অন্যান্য পদে ও বিভিন্ন salary-তে 53 জন M/F কে জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন : 17670/--29650/ ছুটি, বোনাস, ESI, PF অন্যান্য। M : 7602853222 SA

## কর্মখালি

**সরাসরি নিয়োগ**
প্রতিটি জেলায় গার্ড, SV, ইনচার্জ, ওয়ার্ডবয়, পিওন, অফিসবয়, ক্লার্ক, ATM গার্ড চাই। বেতন : 13500–22500. M : 8961921488 SA

**Bank-Airport-এ স্থায়ী জব**
Govt.R-No - 2255 পঃবঙ্গ-সহ উঃবঙ্গের জেলায় বিনা ডোনেশনে (৮ম/স্নাতক) M/F কর্মী চাই। বেতন : 19,000/-–44,000/-) থাকা-খাওয়া ফ্রী। Ex-আর্মি স্বাগত - M : 8902832046 SA

**এয়ারপোর্ট ও ব্যাঙ্ক**
Govt. লাইসেন্সপ্রাপ্ত Bank, এয়ারপোর্টে অষ্টম-স্নাতক M/F কর্মী চাই। বেতন : 22,000/--45,700/-. PF, ESI, OT, থাকা-খাওয়া ফ্রি। M : 8902859560 SA

## কর্মখালি

**DIRECT JOINING**
Govt.R. No- 63751 এয়ারপোর্ট ও ব্যাঙ্কে (৮ম/স্নাতক) 172 M/F কর্মী চাই। বেতন : 21,700/-–52,300/-) থাকা-খাওয়া ফ্রী। Ex-আর্মি স্বাগত - 9474517076 SA

**জাহাজে ও ডকে স্থায়ী জব**
L/C No. KOL–56WB, পঃবাংলার 23টি জেলার বেকার কর্মপ্রার্থীদের যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F, পঃ বাংলার বিভিন্ন প্রান্তে নিয়োগ করানো হচ্ছে। Salary : 21,670-51,820, 3 মাস 13 দিন কাজ করার পর 27 দিনের ছুটি with Salary সহ। Age : 18-44, ৮ম-স্নাতক, থাকা খাওয়া-সহ ছুটি, বোনাস, ESI, PF অন্যান্য। Help : 7384380111 SA

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি প্রাইভেট ব্যাঙ্কে চাকরি**
শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী নিজ নিজ জেলার মধ্যে প্রাইভেট ব্যাঙ্কে স্থায়ী চাকরির সুবর্ণ সুযোগ। মোট 295 জন ছেলে ও মেয়ে আবেদন করতে পারবে। যোগ্যতা : ৮ম পাশ হতে হবে। বেতন : 22400–56200/-, বোনাস, OT, PF, ESI পাবে। X-সার্ভিস ম্যানদের জন্য ছাড় থাকবে। SC, ST, OBC কার্ড সুবিধা পাবে। M: 8293482267 SA

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

**Nurse চাই** যোগ্যতা : ন্যূনতম মাধ্যমিক পাস (কাজ জানা না থাকলে শিখিয়ে নেওয়া হবে)
**GNM Nurse চাই** যোগ্যতা : GNM Passed
**RMO চাই** যোগ্যতা : MBBS (Preferable Service Retired Doctor)
যোগাযোগ :
**জীবনদীপ নার্সিংহোম এণ্ড আই হসপিটাল**
আংরাইল, বনগাঁ, ২৪ পঃ(উঃ), 03215-232001/232002, (M) 7431037704

## দোহাই, আর ঠকবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

# কেন্দ্রীয় সংস্থায় ২১১ ডিপ্লোমা ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি** : কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা, পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড 'ডিপ্লোমা ট্রেনি (ইলেক্ট্রিক্যাল)', ডিপ্লোমা ট্রেনি (ইলেক্ট্রনিক্স) ও 'ডিপ্লোমা ট্রেনি (সিভিল)' পদে ২১১ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ডিপ্লোমা ট্রেনি (ইলেক্ট্রিক্যাল)** : পলিটেকনিক থেকে ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল (পাওয়ার), ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং বা, পাওয়ার ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল) ট্রেডের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৭০% (তপশিলী উপজাতি হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ২৫,০০০ টাকা। সফল হলে মূল মাইনে : ২৫,০০০-১,১৭,৫০০ টাকা।

**ডিপ্লোমা ট্রেনি (ইলেক্ট্রনিক্স)** : পলিটেকনিক থেকে ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ট্রেডের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৭০% (তপশিলী উপজাতি হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ২৫,০০০ টাকা। সফল হলে মূল মাইনে : ২৫,০০০-১,১৭,৫০০ টাকা।

**ডিপ্লোমা ট্রেনি (সিভিল)** : পলিটেকনিক থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৭০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ২৫,০০০ টাকা। সফল হলে মূল মাইনে : ২৫,০০০-১,১৭,৫০০ টাকা।

**সব পদের বেলায় বয়স হতে হবে ৩১-১২-২০২২'র হিসাবে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন।**

**শূন্যপদ : নর্দার্ন রিজিয়ন-।-এ : ইলেক্ট্রিক্যাল** ৪৫টি (জেনাঃ ১৯, ও.বি.সি. ১০, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ৪)। সিভিল ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ২)। ইলেক্ট্রনিক্স ৩টি (জেনাঃ ২, তঃজাঃ ১)। নর্দার্ন রিজিয়ন-।।-এ : ইলেক্ট্রিক্যাল ৭টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। সিভিল ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ২)। ইলেক্ট্রনিক্স ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। নর্দার্ন রিজিয়ন-।।।-এ : ইলেক্ট্রিক্যাল ১৫টি (জেনাঃ ৮, ও.বি.সি. ১, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)। সিভিল ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। ইলেক্ট্রনিক্স ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

ইস্টার্ণ রিজিয়ন-।-এ : ইলেক্ট্রিক্যাল ১২টি (জেনাঃ ৭, ও.বি.সি. ২, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)। সিভিল ৩টি (জেনাঃ)। ইস্টার্ণ রিজিয়ন-।।-এ : ইলেক্ট্রিক্যাল ১০টি (জেনাঃ ৪, ও.বি.সি. ৩, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)। সাউদার্ন রিজিয়ন-।-এ : ইলেক্ট্রিক্যাল ৮টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। সিভিল ২টি (জেনাঃ)। সাউদার্ন রিজিয়ন-।।-এ : ইলেক্ট্রিক্যাল ২৫টি (জেনাঃ ১২, ও.বি.সি. ৭, তঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ২)। সিভিল ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২)। ওয়েস্টার্ণ রিজিয়ন-।।-এ : ইলেক্ট্রিক্যাল ৫৫টি (জেনাঃ ২৩, ও.বি.সি. ৮, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ১১, ই.ডব্লু.এস. ৫)। কর্পোরেট সেন্টারে : ইলেক্ট্রনিক্স ৪টি (জেনাঃ)। এই পদের বিজ্ঞপ্তি নং : CC/08/2022. Date: 9th December, 2022.

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে ফেব্রুয়ারি মাস নাগাদ, কলকাতা, শিলিগুড়ি, পটনা, রাঁচী, দিল্লি-সহ একাধিক শহরে। ২ ঘন্টার পরীক্ষায় থাকবে দু'টি পার্ট। প্রথম পার্টে ১২০টি প্রশ্ন হবে টেকনিক্যাল সংক্রান্ত। পার্ট-।। তে থাকবে সুপারভাইজরি অ্যাপ্টিটিউট টেস্ট। এই টেস্টে থাকবে ৫০টি প্রশ্ন এইসব বিষয়ে : ভোকাবুলারি, ভার্বাল কমপ্রিহেনশন, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট, রিজনিং এবিলিটি, ডাটা সাফিসিয়েন্সি ও ইন্টারপ্রিটেশন, নিউমেরিক্যাল এবিলিটি।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ ডিসেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.powergrid.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ রেজিস্ট্রেশন সার্টিফিকেট, পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৩০০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। অনলাইনে দরখাস্ত করার পর ওয়েবসাইট থেকে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওয়েবসাইটেই পাবেন।

# এয়ারপোর্ট অথরিটিতে ৫৯৬

১ পাতার পর

পদের জন্য যোগ্য :

**জুনিয়র এক্সিকিউটিভ (ইঞ্জিনিয়ারিং -সিভিল)** : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০ টাকা। **শূন্যপদ** : ৬২টি (জেনাঃ ৩২, ই.ডব্লু.এস. ৬, ও.বি.সি. ১১, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪)। সিরিয়াল নং : 1.

**জুনিয়র এক্সিকিউটিভ (ইঞ্জিনিয়ারিং -ইলেক্ট্রিক্যাল)** : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের পুরো সময়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০ টাকা। শূন্যপদ : ৮৪টি (জেনাঃ ৪৭, ই.ডব্লু.এস. ৮, ও.বি.সি. ১৯, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৪)। সিরিয়াল নং : 2.

**জুনিয়র এক্সিকিউটিভ (ইলেক্ট্রনিক্স)** : ইলেক্ট্রনিক্স, টেলিকমিউনিকেশন বা, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের পুরো সময়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০ টাকা। শূন্যপদ : ৪৪০টি (জেনাঃ ১৮৭, ই.ডব্লু.এস. ৪৪, ও.বি.সি. ১১১, তঃজাঃ ৬৭, তঃউঃজাঃ ৩১)। সিরিয়াল নং : 3.

**জুনিয়র এক্সিকিউটিভ (আর্কিটেকচার)** : আর্কিটেকচারের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। আর্কিটেকচার কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০ টাকা। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ১)। সিরিয়াল নং : 4.

ওপরের সব পদের বেলায় 'গেট' পরীক্ষায় স্কোর করে থাকতে হবে। আর্কিটেকচারের বেলায় গেট পাশ হতে হবে ২০২২ সালে আর অন্যান্য ট্রেডের বেলায় গেট পাশ হতে হবে ২০২০, ২০২১ ও ২০২২ সালে। বয়স হতে হবে ২১-১-২০২৩'এর হিসাবে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। চাকরি হবে ভারতের যে কোনো জায়গায়। বিজ্ঞপ্তি নং : ০৭/২০২২।

প্রার্থী বাছাই হবে টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে। দরখাস্ত করবেন অনলাইনে, ২২ ডিসেম্বর থেকে ২১ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.aai.aero / www.airportsindia.org.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৩০০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। যাঁরা এক বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করেছেন, তাঁদেরও ফী দিতে হবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# 'টেট' হল নির্বিঘ্নে

১ পাতার পর

হবে। শিক্ষামন্ত্রী আরো জানান, 'টেট' শান্তিপূর্ণভাবেই হয়েছে। দু'-একটি পরীক্ষা কেন্দ্রে অভিযোগ এসেছে, সে বিষয়ে প্রশাসনকে দায়িত্ব দেওয়া হয়েছে। প্রশ্নপত্র ফাঁস হয়নি। ভুয়ো প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগ উঠেছিল, কিন্তু সেটি ভুয়ো প্রশ্নপত্র ছিল। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের তদারকিতে স্বচ্ছতার সঙ্গে পরীক্ষা হয়েছে।

প্রাথমিক শিক্ষা পর্ষদের চেয়ারম্যান গৌতম পাল জানান, সুষ্ঠুভাবে 'টেট' নেওয়া হয়েছে। পরীক্ষার্থীরা শান্তিপূর্ণভাবেই পরীক্ষা দিয়েছে। কড়া নিরাপত্তায় পরীক্ষা নেওয়া হয়েছে। আশঙ্কা ছিল 'টেট' বানচাল করে দেওয়ার। কিন্তু পুলিশ প্রশাসনের সতর্কতা ও কড়া নজরদারিতে তা হতে দেওয়া হয়নি। চেয়ারম্যান জানান, প্রার্থীদের ডুপ্লিকেট ও.এম.আর. শীট দেওয়া হয়েছে। বাড়িতে বসেই তাঁরা উত্তরপত্র মূল্যায়ন করতে পারবেন। শিগগিরই উত্তরপত্র প্রকাশ করা হবে। এছাড়াও দ্রুততার সঙ্গে ফল প্রকাশের চেষ্টা চলছে। আশা করা যায়, নতুন বছরের শুরুতে প্রার্থীরা 'টেট' পাশের সার্টিফিকেট পাবেন।

## চাকরির টুকরো খবর

### ৮৬ প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট

**নিজস্ব সংবাদদাতা, বেঙ্গালুরু :** অ্যারোনটিক্যাল ডেভেলপমেন্ট এজেন্সি প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট পদে ৮৬ জন লোক নিচ্ছে। ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'গেট' স্কোর করে থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৩১,০০০ টাকা। চাকরি হবে ২ বছরের চুক্তিতে। শূন্যপদ : ৮৬টি। এর মধ্যে কম্পিউটার সায়েন্স /ইনফর্মেশন সায়েন্স / ইনফর্মেশন টেকনোলজি ২২টি। মেকানিক্যাল -৬টি, মেটালার্জি ২টি, অ্যারোনটিক্যাল / অ্যারোস্পেস /অ্যারো স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং ৫টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, টেলিকমিউনিকেশন ৪৫টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল ৬টি। এই পদের বিজ্ঞপ্তি নং : ADA:ADM:EST:ADV-119:2022.
প্রার্থী বাছাই হবে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ২১ ও ২২ ডিসেম্বর। এই ঠিকানায় : ADA (Besides HAL ARDC and behind HAL Helicopter Div), Vibhuthipura, Bengaluru-560 017. দরখাস্তের ফর্ম-সহ বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ada.gov.in

### হকিন্সে ম্যানেজমেন্ট ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা, মুম্বাই :** হিকিন্স প্রেশার কুকার কোম্পানি 'ম্যানেজমেন্ট ট্রেনি' পদে কিছু লোক নিচ্ছে। নেওয়া হবে সেলস / মার্কেটিং, লিগ্যাল, টেকনিক্যাল / ইঞ্জিনিয়ারিং, প্রোগ্রামার পদে। গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২১ থেকে ২৮ বছরের মধ্যে। শুরুতে ১৮ মাসের ট্রেনিং। তখন মাইনে বছরে ৮ থেকে ১০ লাখ টাকা। সফল হলে মূল মাইনে ১০ থেকে ১২ লাখ টাকা।
প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে।
দরখাস্ত করবেন অনলাইনে, ই ওয়েবসাইটে : www.hawkins.in/jobs এছাড়াও দরখাস্ত ডাকে বা, ক্যুরিয়ারে পাঠাতে পারেন এই ঠিকানায় : Senior VP Personnel, Hawkins Cookers Limited, Maker Tower, F–101, Cuffe Parade, Mumbai : 400005.

### রাজ্য সরকার রেশন ডিলার দিচ্ছে

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** রাজ্য সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগ 'ফেয়ার প্রাইস শপ ডিলার্স' হিসাবে ৩০টি কেন্দ্রে ডিলারশিপ দিচ্ছে। নেওয়া হবে এইসব গ্রাম পঞ্চায়েত বা, ওয়ার্ডে : আন্দুল, বাঁকড়া-।।। (২টি), বাঁকড়া -। (২টি), বড়গাছিয়া -।। (২টি), কান্দুয়া, বিকি হাকোলা, চামরাইল, শঙ্করহাটি-।।, জগৎবল্লভপুর-।, জগৎবল্লভপুর-।।, বেলড়ুবি, রঘুদেববাটি, মাসিলা (২টি), মহিয়ারি-।, পাঁচপাড়া (৩টি), সলক-।, সলপ-।।, সুভারারা, বলরামপুর, রাঘবপুর, আরসা (২টি), হেঁসিয়া, পুরুলিয়ার (এম) ১৪ নংএ। দরখাস্তের ফর্ম-সহ বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://food.wb.gov.in তখন অ্যাপ্লিকেশন ফী বাবদ ১,০০০ টাকা দিতে হবে। দরখাস্ত করার শেষ তারিখ ২৯ ডিসেম্বর।

## স্বাস্থ্য পরিষেবায় নিম্নলিখিত শূন্যপদে নিয়োগ

**বিশেষ প্রতিনিধি, কলকাতা :** Dr. Lal Path Lab, Apollo Diagnostic, Lab-On Partner of Accuhealth Diagnostic Center, B B Health Care, Angeldoc Health Care, Genlab Health Care, Portea Health Care, Anupama Homa Care, Royd Nursing Home, Rittik Nursing Home সহ বিভিন্ন ডায়াগনস্টিক সেন্টারে ল্যাব টেকনিশিয়ান, ফ্লেবটমিস্ট, জিডিএ নার্স, ওয়ার্ড নার্স, ওটি টেকনিশিয়ান পদে প্রচুর দক্ষ কর্মী নিয়োগ হবে। বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে উপরিউক্ত কোর্সগুলি করানো হয়, এর মধ্যে একটি অগ্রগামী প্রতিষ্ঠান হল 'স্কুল অফ মেডিকেল টেকনোলজি' যেখানে ২০২৩-২৪ শিক্ষা বর্ষে নিম্নলিখিত কোর্স-এ প্রশিক্ষণ দিচ্ছে। সার্টিফিকেট কোর্স (যোগ্যতা- মাধ্যমিক/সমতুল্য) মেয়াদ ৬ মাস। (১) অ্যাডভান্স জিডিএ-ক্রিটিক্যাল কেয়ার নার্সিং। (২) ফ্লেবোতোমী (ব্লাড কালেক্টর)। ডিপ্লোমা কোর্স (যোগ্যতা- উচ্চ মাধ্যমিক) মেয়াদ ২ বছর + ৬ মাস ইন্টার্নশীপ। (১) মেডিকেল ল্যাবরোটরি টেকনোলজি (২) এক্সরে উইথ ইমাজিঙ টেকনোলজি (CT Scan), (৩) ফিজিওথেরাপি টেকনোলজি, (৪) অপারেশন থিয়েটার টেকনোলজি। কোর্স ফিস একেবারে আপনার সাধ্যের মধ্যে। যোগাযোগ- স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি। ২৪ গিরিশচন্দ্র বোস রোড, এন্টালি, কোল- ৭০০০১৪। মোবাইল ৯২৩১৫২০৪৮০, ৯৮৭৪৭৬০০১২। বিভিন্ন জেলা কেন্দ্রের যোগাযোগের নম্বর : বর্ধমান- ৮০০১৫০৮৭১০, পুরুলিয়া- ৯৯৩২৯৬৫৬৩৬, ঝাড়গ্রাম- ৬২৯৪২৮৯৪৭৮, বহরমপুর- ৯৭৩৩৭১২৭৭৩। বিশেষ দ্রষ্টব্য : পাস করা দক্ষ টেকনিশিয়ান (Freshers / Experience) যাঁরা চাকরি চান তাঁরাও এই সংস্থায় যোগাযোগ করতে পারেন। SSMT Placement Division, Mobile- 8697506994, email- ssmtjobs@gmail.com

## কেন্দ্রীয় বিদ্যালয়ে ৩,১৭৬

১ পাতার পর

(জেনাঃ ১৬৩, ও.বি.সি. ১০৮, তঃজাঃ ৬০, তঃউঃজাঃ ৩০, ই.ডব্লু.এস. ৪০)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ৭, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৮। সিরিয়াল নং : 1.

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (হিন্দি) :** হিন্দি বিষয় নিয়ে গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। শূন্যপদ : ৩৭৭টি (জেনাঃ ১৫৫, ও.বি.সি. ১০১, তঃজাঃ ৫৬, তঃউঃজাঃ ২৮, ই.ডব্লু.এস. ৩৭)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ৬, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৬। সিরিয়াল নং : 2.

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (সোশ্যাল স্টাডিজ) :** ইতিহাস বা, ভূগোল বিষয়ের মধ্যে একটি আর অর্থনীতি বা, রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের মধ্যে একটি বিষয় নিয়ে গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। শূন্যপদ : ৩৯৮টি (জেনাঃ ১৬৪, ও.বি.সি. ১০৭, তঃজাঃ ৫৯, তঃউঃজাঃ ২৯, ই.ডব্লু.এস. ৩৯)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ৬, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৬। সিরিয়াল নং : 3.

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (বিজ্ঞান) :** কেমিস্ট্রি, বটানি ও জুলজি বিষয় নিয়ে গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। শূন্যপদ : ৩০৪টি (জেনাঃ ১২৫, ও.বি.সি. ৮২, তঃজাঃ ৪৫, তঃউঃজাঃ ২২, ই.ডব্লু.এস. ৩০)। সিরিয়াল নং : 4.

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (সংস্কৃত) :** সংস্কৃত বিষয় নিয়ে গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। শূন্যপদ : ২৪৫টি (জেনাঃ ১০১, ও.বি.সি. ৬৬, তঃজাঃ ৩৬, তঃউঃজাঃ ১৮, ই.ডব্লু.এস. ২৪)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ৪, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৫। সিরিয়াল নং : 5.

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (অঙ্ক) :** অঙ্ক বিষয় আর ফিজিক্স /কেমিস্ট্রি /ইলেক্ট্রনিক্স / কম্পিউটার সায়েন্স /স্ট্যাটিস্টিক্স বিষয়ের মধ্যে যে কোনো ২টি বিষয় নিয়ে গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। শূন্যপদ : ৪২৬টি (জেনাঃ ১৭৫, ও.বি.সি. ১১৫, তঃজাঃ ৬৩, তঃউঃজাঃ ৩১, ই.ডব্লু.এস. ৪২)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ২০। সিরিয়াল নং : 6.

**শিক্ষাগত যোগ্যতা :** 'ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার' পদের সব বিষয়ের ক্ষেত্রেই মোট অন্তত ৫০% নম্বর পেয়ে গ্র্যাজুয়েট ও যে বিষয়ের ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার পদে দরখাস্ত করবেন সেই বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে দ্বিতীয় শ্রেণির গ্র্যাজুয়েট হতে হবে। সি.বি.এস.ই.'র নেওয়া 'CTET' পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। ইংরিজি ও হিন্দি মাধ্যমের স্কুলে পড়ানোয় দক্ষতা থাকতে হবে। কম্পিউটার অ্যাপ্লিকেশনের কাজে জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

**পোস্ট গ্র্যাজুয়েট টিচার (ইংরিজি) :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে ইংরিজি বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। শূন্যপদ : ১৫৮টি (জেনাঃ ৬৭, ও.বি.সি. ৪৩, তঃজাঃ ২৩, তঃউঃজাঃ ১১, ই.ডব্লু.এস. ১৫)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ২, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৩। সিরিয়াল নং : 1.

**পোস্ট গ্র্যাজুয়েট টিচার (হিন্দি) :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে হিন্দি বা, সংস্কৃত বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। ডিগ্রি কোর্সে হিন্দি বিষয় থাকতে হবে। শূন্যপদ : ১৭২টি (জেনাঃ ৭২, ও.বি.সি. ৪৬, তঃজাঃ ২৫, তঃউঃজাঃ ১২, ই.ডব্লু.এস. ১৭)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ৩, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৩। সিরিয়াল নং : 2.

**পোস্ট গ্র্যাজুয়েট টিচার (ফিজিক্স) :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে ফিজিক্স, ইলেক্ট্রনিক্স, অ্যাপ্লায়েড ফিজিক্স বা, নিউক্লিয়ার ফিজিক্সের পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। শূন্যপদ : ১৩৫টি (জেনাঃ ৫৬, ও.বি.সি. ৩৬, তঃজাঃ ২০, তঃউঃজাঃ ১০, ই.ডব্লু.এস. ১৩)। সিরিয়াল নং : 3.

**পোস্ট গ্র্যাজুয়েট টিচার (কেমিস্ট্রি) :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে কেমিস্ট্রি বা, বায়ো-কেমিস্ট্রির পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। শূন্যপদ : ১৬৭টি (জেনাঃ ৬৯, ও.বি.সি. ৪৫, তঃজাঃ ২৫, তঃউঃজাঃ ১২, ই.ডব্লু.এস. ১৬)। সিরিয়াল নং : 4.

**পোস্ট গ্র্যাজুয়েট টিচার (ইকনমিক্স) :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে ইকনমিক্স, অ্যাপ্লায়েড ইকনমিক্স বা, বিজনেস ইকনমিক্সের পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। শূন্যপদ : ৯৭টি (জেনাঃ ৪১, ও.বি.সি. ২৬, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ৭, ই.ডব্লু.এস. ৯)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ৪, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৩। সিরিয়াল নং : 5.

**পোস্ট গ্র্যাজুয়েট টিচার (কমার্স) :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে কমার্স শাখার পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। অ্যাপ্লায়েড বা, বিজনেস ইকনমিক্সের পোস্ট-গ্র্যাজুয়েট (এম.কম.)'রা আবেদনের যোগ্য নন। শূন্যপদ : ৬৬টি (জেনাঃ ৩০, ও.বি.সি. ১৭, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ৬)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ৪। সিরিয়াল নং : 6.

**পোস্ট গ্র্যাজুয়েট টিচার (অঙ্ক) :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে ম্যাথমেটিক্স বা, অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্সের পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। শূন্যপদ : ১৮৪টি (জেনাঃ ৭৭, ও.বি.সি. ৪৯, তঃজাঃ ২৭, তঃউঃজাঃ ১৩, ই.ডব্লু.এস. ১৮)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ৬। সিরিয়াল নং : 7.

**পোস্ট গ্র্যাজুয়েট টিচার (বায়োলজি) :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে বটানি, জুলজি, লাইফ সায়েন্স, বায়ো-সায়েন্স, জেনেটিক্স, মাইক্রোবায়োলজি, বায়োটেকনোলজি, মলিকিউলার বায়োলজি বা, প্লান্ট সাইকোলজির পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। ডিগ্রি কোর্সে বটানি ও জুলজি বিষয় থাকতে হবে। শূন্যপদ : ১৫১টি (জেনাঃ ৬৩, ও.বি.সি. ৪০, তঃজাঃ ২২, তঃউঃজাঃ ১১, ই.ডব্লু.এস. ১৫)। সিরিয়াল নং : 8.

**পোস্ট গ্র্যাজুয়েট টিচার (ইতিহাস) :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে ইতিহাসের পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। শূন্যপদ : ৬৩টি (জেনাঃ ২৭, ও.বি.সি. ১৭, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ৬)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ১, দৃষ্টিহীন প্রতিবন্ধী ১। সিরিয়াল নং : 9.

**পোস্ট গ্র্যাজুয়েট টিচার (ভূগোল) :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে ভূগোলের পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। শূন্যপদ : ৭০টি (জেনাঃ ৩০, ও.বি.সি. ১৮, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৫, ই.ডব্লু.এস. ৭)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ২, দৃষ্টিহীন প্রতিবন্ধী ১। সিরিয়াল নং : 10.

ওপরের ওইসব বিষয়ের 'পোস্ট গ্র্যাজুয়েট টিচার' পদের বেলায় বি.এড. বা, সমতুল পেশাগত যোগ্যতা থাকা দরকার। ইংরিজি ও হিন্দি মাধ্যমের স্কুলে পড়ানোয় দক্ষতা থাকতে হবে। কম্পিউটার অ্যাপ্লিকেশনের কাজে জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা।

**পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (কম্পিউটার সায়েন্স) :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে যোগ্য : কম্পিউটার সায়েন্স /ইনফর্মেশন টেকনোলজির বি.ই. /বি.টেক. কোর্স পাশ বা, সমতুল ডিগ্রি /ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।
যে কোনো শাখার বি.ই. /বি.টেক. কোর্স পাশরা কম্পিউটারের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।
কম্পিউটার সায়েন্সের এম.এসসি. বা, এম.সি.এ. কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।
কম্পিউটার সায়েন্সের বি.এসসি. বা, বি.সি.এ. কোর্স পাশরা যে কোনো শাখার পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।
কম্পিউটারের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ও যে কোনো শাখার পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।
ডোয়েক থেকে 'বি' লেভেল কোর্স পাশ ও যে কোনো শাখার পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।
তথ্য ও প্রযুক্তি মন্ত্রকের অধীন ডোয়েক থেকে 'সি' লেভেল কোর্স পাশ ও যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ১৪২টি (জেনাঃ ৫৯, ও.বি.সি. ৩৮, তঃজাঃ ২১, তঃউঃজাঃ ১০, ই.ডব্লু.এস. ১৪)।

**পোস্ট গ্র্যাজুয়েট টিচার (বায়ো-টেকনোলজি) :** বায়ো-টেকনোলজি, জেনেটিক্স, মাইক্রোবায়োলজি, লাইফ সায়েন্স, বায়ো-সায়েন্স বা, বায়ো-কেমিস্ট্রি বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদনের যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)।

ওপরের দুই পদের বেলায় ইংরিজি ও হিন্দি মাধ্যমের স্কুলে পড়ানোয় দক্ষতা থাকতে হবে। বি.এড. কোর্স পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা।

**মিসলেনিয়াস টিচার :** মিসলেনিয়াস টিচার নেওয়া হবে এইসব ক্ষেত্রে : 'লাইব্রেরিয়ান', 'ওয়ার্ক এক্সপেরিয়েন্স টিচার (ইলেক্ট্রিক্যাল গ্যাজেট ও ইলেক্ট্রনিক্স)' ও 'মিউজিক টিচার'।

**লাইব্রেরিয়ান :** লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশ কিংবা যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা লাইব্রেরি সায়েন্সের ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। হিন্দি আর ইংরিজিতে কাজ চালানোর মতো দক্ষতা থাকতে হবে। কম্পিউটার অপারেশনে জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। শূন্যপদ : ৩৫৫টি (জেনাঃ ১৪৬, ও.বি.সি. ৯৫, তঃজাঃ ৫৩, তঃউঃজাঃ ২৬, ই.ডব্লু.এস. ৩৫)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ৬, বধির প্রতিবন্ধী ৫।

**ওয়ার্ক এক্সপেরিয়েন্স টিচার (ইলেক্ট্রিক্যাল গ্যাজেট ও ইলেক্ট্রনিক্স) :** উচ্চমাধ্যমিক পাশের পর ইলেক্ট্রিক্যাল বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে এই পদের জন্য আবেদন করতে পারেন। ইলেক্ট্রিক্যাল বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য।
কম্পিউটার অপারেশনে জ্ঞান ও হিন্দি আর ইংরিজিতে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। কোনো ওয়ার্কশপ /প্রতিষ্ঠানে ১ বছরের হাতে-কলমে কাজ করার জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। শূন্যপদ : ৩৩৯টি (জেনাঃ ১৪০, ও.বি.সি. ৯১, তঃজাঃ ৫০, তঃউঃজাঃ ২৫, ই.ডব্লু.এস. ৩৩)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ৪, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৪, বধির প্রতিবন্ধী ৩।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (পি অ্যান্ড এইচ.ই.) :** ফিজিক্যাল এডুকেশনের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ : ৪৩৫টি (জেনাঃ ১৭৮, ও.বি.সি. ১১৭, তঃজাঃ ৬৫, তঃউঃজাঃ ৩২, ই.ডব্লু.এস. ৪৩)।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (এ.ই.) :** ড্রয়িং অ্যান্ড পেইন্টিং, স্কাল্পচার বা, গ্রাফিক আর্টের ৫ বছরের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ : ২৫১টি (জেনাঃ ১০৪, ও.বি.সি. ৬৭, তঃজাঃ ৩৭, তঃউঃজাঃ ১৮, ই.ডব্লু.এস. ২৫)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ৪, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৩, অন্যান্য ৪।

**স্টেনোগ্রাফার গ্রেড-।। :** উচ্চমাধ্যমিক পাশরা ইংরিজি শর্টহ্যান্ডে মিনিটে অন্তত ৮০টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য। প্রার্থী বাছাইয়ের জন্য ১০ মিনিটের ডিকটেকশন টেস্ট হবে ও কম্পিউটারে ইংরিজিতে ৫০ মিনিটে ট্রান্সক্রিপশন করতে হবে। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৫৪টি (জেনাঃ ২৩, ও.বি.সি. ১৪, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ৫)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ১, দৃষ্টিহীন প্রতিবন্ধী ১, অন্যান্য ৫।

বয়স হতে হবে ২৬-১২-২০২২'র হিসাবে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, মহিলারা ১০ বছর, প্রাক্তন সমরকর্মী ও দৈহিক প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। কেন্দ্রীয় বিদ্যালয়ের কর্মীদের বয়সের কোনো কড়াকড়ি নেই। শুরুতে ২ বছরের প্রবেশন।
প্রার্থী বাছাইয়ের জন্য কম্পিউটার বেসড টেস্ট হবে। সফল হলে ডেমো ক্লাস / ইন্টারভিউ / স্কিল টেস্ট হবে। পরীক্ষা হবে পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, আসানসোল, বহরমপুর, শিলিগুড়ি, বর্ধমান, দুর্গাপুর, হুগলি, মালদা, পশ্চিম মেদিনীপুর, সিউড়ি, আগরতলা, জামশেদপুর, রাঁচী, পটনা, গুয়াহাটি, বোকারো, শিলং, আইজল। কবে পরীক্ষা হবে তা পরে জানানো হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস ওয়েবসাইটে পাবেন।
দরখাস্ত করবেন অনলাইনে ৫ ডিসেম্বর থেকে ২৬ ডিসেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.kvsangathan.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার পর যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ স্টেনোগ্রাফার গ্রেড-।। পদের বেলায় ১,২০০ টাকা আর অন্যান্য পদের বেলায় ১,৫০০ টাকা অনলাইনে জমা দেবেন নির্দিষ্ট লিঙ্কে। লিঙ্ক দরখাস্ত করার সময় পাবেন। তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# itee –রাজ্যের টেকনিক্যাল চাকরি পরীক্ষার অন্যতম সেরা প্রতিষ্ঠান

**নিজস্ব সংবাদদাতা, দমদম** : গত মাসেই রাজ্য সরকারের বিভিন্ন দফতরে কাজের জন্য 'জুনিয়র ইঞ্জিনিয়ার' পদে কয়েক হাজার ছেলে মেয়ে নেওয়ার বিজ্ঞপ্তি বেরিয়েছে। ইঞ্জিনিয়ারিং পাশ ছেলে মেয়েদের জন্য এ অত্যন্ত সুখবর। এই পরীক্ষায় ডিপ্লোমা কিংবা বি.টেক. পাশ ছেলে মেয়েরা মূলত আবেদন করতে পারবেন। যেহেতু, এই পরীক্ষা শেষ নেওয়া হয়েছে ২০১৭ সালে, তাই স্বভাবতই শূন্যপদের সংখ্যা এযাবৎকালের মধ্যে সবচেয়ে বেশি। চাকরি পাওয়ার এ এক সুবর্ণ সুযোগ। পরীক্ষা নেবে রাজ্য পাব্লিক সার্ভিস কমিশন। এখন এই পরীক্ষায় সিলেবাস কি থাকবে, কীভাবে পড়লে অতি সহজেই পাশ করা যাবে? এই সব অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন নিয়ে আমরা গিয়েছিলাম, রাজ্যে টেকনিক্যাল চাকরির পরীক্ষায় অন্যতম সেরা প্রতিষ্ঠান itee ইনস্টিটিউটের কর্ণধার সুরজিৎ ভৌমিকের কাছে। সুরজিৎ বাবু বললেন 'দেখুন একটা কথা প্রথমেই বলে রাখি, এই ধরণের টেকনিক্যাল পরীক্ষায় পাশ করার কোনো শর্টকাট পদ্ধতি নেই। এরজন্য দরকার - পরীক্ষার্থীদের সিরিয়াসনেস আর নিবিড় অনুশীলন করার ক্ষমতা। গত কয়েক দশকের অভিজ্ঞতা থেকে বলতে পারি আমাদের এখান থেকে যাঁরা পাশ করেছেন, তাঁরা এখন রাজ্য সরকারের বড় বড় পদে রয়েছেন। সত্যি কথা বলতে কি - এঁরা বেশিরভাগই সাধরণ মেধার। কিন্তু তা সত্ত্বেও এই ছেলে মেয়েরা আজকে সরকারি চাকরি পেয়ে জীবনে সুপ্রতিষ্ঠিত। এই অসাধ্য সাধন হল কিভাবে? এর পেছনে আছে তাঁদের পরিশ্রম, হার না মানা মনোভাব, পড়ানোর পদ্ধতি, সঠিক গাইডেন্স, যে পরীক্ষা দিচ্ছে সেই পরীক্ষা সম্বন্ধে সম্যক ধারণা ও সর্বোপরি আমাদের প্রতিষ্ঠানের অভিজ্ঞ ফ্যাকাল্টিদের বিশেষভাবে তৈরী করা এক্সক্লুসিভ স্টাডি মেটেরিয়াল।' এই অল্প সময়ের মধ্যে কিভাবে পড়লে শুধুমাত্র এই পরীক্ষাতে-ই নয়, যেকোনো ধরণের সরকারি টেকনিক্যাল পরীক্ষাতেও পাশ করা যাবে? উত্তরে সুরজিৎ বাবু বললেন - 'দেখুন, সরকারি টেকনিক্যাল পরীক্ষায় পাশ করতে হলে শুধুমাত্র নিবিড় অনুশীলন করলেই হবে না। এই ধরণের টেকনিক্যাল পরীক্ষায় পাশ করেছে এমন ছেলে মেয়েদের পরীক্ষা পদ্ধতি ঠিকঠাক অনুসরণ করতে হবে। তাহলেই কেল্লাফতে। আর এছাড়া চাই অভিজ্ঞ ফ্যাকাল্টি - যাঁরা এই ধরণের পরীক্ষায় পাশ করার জন্য বিশেষভাবে পরীক্ষার্থীদের প্রস্তুত করবে। এখানে রেল, PSC, SSC, UPSC তথা সর্বভারতীয় ও রাজ্য সরকারের সব টেকনিক্যাল পরীক্ষার জন্য অনলাইন ও অফলাইন ক্লাসের সুব্যবস্থা আছে।' এছাড়াও JELET -এর মতো পরীক্ষায়ও এই প্রতিষ্ঠানের সাফল্যও চোখে পড়ার মতো। ২০২২ সালের JELET পরীক্ষায় এই প্রতিষ্ঠানের ছাত্রই থেকে ১ নম্বর র‍্যাঙ্ক করেছিল। এছাড়াও আরো বহু ছাত্রছাত্রী গড়ঃ কলেজে র‍্যাঙ্ক করেছিল। তাই আর একটুও সময় নষ্ট না করে আজই এই প্রতিষ্ঠানের ফ্রি কাউন্সেলিংয়ের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে : ৮৯১০৩৯৩৯৮৯ অথবা সরাসরি চলে আসতে পারেন এই ঠিকানায় : ৭১বি, সাউথ সিঁথি রোড, পেয়ারাবাগান ক্লাবের বিপরীতে, দমদম (দমদম জংশন থেকে ১ মিনিটের হাঁটা পথ)। এছাড়াও বারাসাতেও শাখা অফিস আছে।

**DPMI, Howrah**
A Paramedical Training Institute
Requires the following manpower
1. Receptionist : Female, young, fluent in Bengali, Hindi, English 2. Male Candidate for Marketing with Tally Operating knowledge.. pref: direct training field..
Location : Howrah
Drop your CV: 9830419821

পুরুলিয়ায় এই প্রথম নার্সিং ট্রেনিং-এর সুবিধা
**পূর্ণদিশা নার্সিং ট্রেনিং ইন্সটিটিউট**
A Unit of Purnadisha Jankalyan Samiti
ভর্তি চলছে ২০২২-২৩
নার্সিং কলেজে ভর্তির সুযোগ
বার্ষিক ৮০০০০/- GNM (3 yrs.) কোর্স
শেষ সুযোগ ৩১.১২.২২
যোগাযোগ করুন
৯২৩৩৩৩৩৩১২ / ৯৮০০৮১২৭৩১
ঠিকানা : বরাকর-পুরুলিয়া রোড, নতুন বাসস্ট্যান্ডের নিকট, রঘুনাথপুর, পুরুলিয়া

## কেন্দ্রীয় সরকারে ৪,৫০০ ক্লার্ক

১ পাতার পর

কোন রাজ্যে ক'টি শূন্যপদ আছে তা পরে জানানো হবে। তপশিলী, ও.বি.সি., ই.ডব্লু.এস., প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য যথারীতি শূন্যপদ সংরক্ষিত আছে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Combined Higher Secondary Level (10+2) Level Examination, 2022' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে ফেব্রুয়ারি-মার্চ মাস নাগাদ। দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা কবে হবে তা পরে জানানো হবে।

প্রথম পর্যায়ের পরীক্ষা হবে পূর্ব-ভারতের এইসব কেন্দ্রে : কলকাতা (৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), আসানসোল (৪৪১৭), বর্ধমান (৪৪০৪), দুর্গাপুর (৪৪২৬), কল্যাণী (৪৪১৯), গ্যাংটক (৪০০১), রাঁচী (৪২০৫), বেরহামপুর (ওড়িশা) (৪৬০২), ভুবনেশ্বর (৪৬০৪), কটক (৪৬০৫), পোর্ট ব্লেয়ার (৪৮০২), জামশেদপুর (৪২০৭), রৌরকেলা (৪৬১০), ঢেঙ্কানল (৪৬১১), ডিব্রুগড় (৫১০২), গুয়াহাটি (দিসপুর) (৫১০৫), জোড়হাট (৫১০৭), শিলচর (৫১১১), কোহিমা (৫৩০২), শিলঙ (৫৪০১), ইম্ফল (৫৫০১), আগরতলা (৫৬০১), আই জল (৫৭০১), ইটানগর (৫০০১), ডিমাপুর (৫৩০১)।

এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এই ৪টি পার্টে : (ক) জেনারেল ইন্টেলিজেন্স - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ (বেসিক নলেজ) - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (বেসিক অ্যারিথমেটিক স্কিল) - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৬০ মিনিট। দৃষ্টিহীন প্রতিবন্ধীরা অতিরিক্ত সময় পাবেন। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। লিখিত পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে।

সফল হলে দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা।

দ্বিতীয় ধাপের (দ্বিতীয় টায়ার) পরীক্ষায় থাকবে ৩টি পেপার। প্রথম পেপারে সেশন-।'এ থাকবে ৩টি সেকশন। সেকশন-১'এ থাকবে ১৮০ নম্বরের ৬০টি প্রশ্ন। এইসব বিষয়ে : (ক) ম্যাথমেটিক্যাল এবিলিটি-৩০টি প্রশ্ন, (খ) রিজনিং অ্যান্ড জেনারেল ইন্টেলিজেন্স-৩০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর।

সেকশন-২'এ থাকবে ১৮০ নম্বরের ৬০টি প্রশ্ন। এই সব বিষয়ে : (ক) ইংলিশ ল্যাঙ্গোয়েজ ও কমপ্রিহেনশন-৪০টি প্রশ্ন, (খ) জেনারেল অ্যাওয়ারনেস - ২০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সেকশন ১ ও সেকশন ২-এ সময় থাকবে ১ ঘণ্টা। সেকশন-৩'এ থাকবে ৪৫ নম্বরের ১৫টি প্রশ্ন কম্পিউটার নলেজ মডিউল-১। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সময় থাকবে ১৫ মিনিট। দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা কবে হবে তা পরে জানানো হবে।

ওপরের ওই সব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম ও দ্বিতীয় ধাপের পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। টায়ার-।'এর বেলায় প্রতিটি প্রশ্নের ভুল উত্তর দিলে প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। টায়ার-।।'এর বেলায় সেকশন-১, সেকশন-২ ও সেকশন-৩'এর মডিউল-১'এর প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। সব ক্ষেত্রেই উত্তর দিতে হবে 'ও.এম.আর.' শীটে।

সেকশন-।।।-তে থাকবে স্কিল টেস্ট বা, টাইপিং টেস্ট। ডাটা এন্ট্রি অপারেটর পদের বেলায় ১৫ মিনিটের স্কিল টেস্ট হবে আর লোয়ার ডিভিশন ক্লার্ক বা, জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় ১৫ মিনিটের টাইপিং টেস্ট হবে।

পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ জানুয়ারিপর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ssconline.nic.in, www.ssc.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো (২০ থেকে ৫০ কেবির মধ্যে) ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে ৪ কে.বি. থেকে ১২ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন আপনা থেকেই রেজিস্ট্রেশন নম্বর তৈরি হয়ে যাবে। তখন ওই রেজিস্ট্রেশন নম্বর প্রিন্ট করে নেবেন। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা এস.বি.আই চালান / নেট ব্যাঙ্কিং / ক্রেডিট কার্ড বা, ডেবিট কার্ডে জমা দিতে পারবেন ৫ জানুয়ারির মধ্যে। মহিলা, তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। টাকা নগদে জমা দিতে চাইলে এস.বি.আই. চালান প্রিন্ট করে নেবেন, ৪ জানুয়ারির মধ্যে। ওই ফী'র টাকা ব্যাঙ্কে জমা দিতে পারবেন ৬ জানুয়ারির মধ্যে। যাঁরা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডে জমা দেবেন, তাঁরা নাম রেজিস্ট্রেশনের সঙ্গে সঙ্গেই জমা দিতে পারবেন। এইভাবে টাকা জমা দেওয়ার পর আবার ওই ওয়েবসাইটে গিয়ে স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করতে হবে। ফটো ও সিগনেচার আপলোড করার পর সাবমিট করলে তবেই নাম রেজিস্ট্রেশন সম্পূর্ণ হবে। এরপর ওই কনফার্মেশন প্রিন্ট করে নেবেন। তখন ওই কনফার্মেশন ই-মেল করেও পাঠানো হবে। ফর্ম পূরণে কোনো ভুল হয়ে থাকলে তা সংশোধন করতে পারবেন ৯ ও ১০ জানুয়ারির মধ্যে।

**MAKAUT -West Bengal University of Technology স্বীকৃত**
**Pranavananda Institute of Management & Technology (PIMT)**
যৌথ প্রয়াসে কর্মমুখী ও স্বনির্ভরতার স্বাস্থ্যসেবা ডিপ্লোমা কোর্সে ভর্তি চলিতেছে
1. Physiotherapy Technology 2. Eye (Vision) Technician, 3. Healthcare Technology & Management 4. Animal Husbandary 5. Naturopathy Wellness Therapy Mngt
PIMT(ভারত সেবাশ্রম সঙ্ঘ) ট্রেনিং সেন্টার - কলকাতা- 9477846520
বনগাঁ 9378080412, বাঁকুড়া খাতরা- 8348297129, কল্যাণী 8820270777
Online Admission- 9331256934, 9830216056, 9477846520
033-35909956 | www.pimtonline.in • You Tube • Facebook

**সরকারি চাকরির পরীক্ষায় রাজ্যে এখন সাফল্যের শীর্ষে**
ICS
পাঁজির মোড়, চাকদহ, নদিয়া
আর কোন শাখা-প্রশাখা নেই
786-400-2150
97348-65456
কেন্দ্র সরকারে
কয়েক হাজার শূন্যপদ
Clerk এবং Assistant
Combined HS Level
ভর্তি চলছে
WBP * KP * PSC
সমস্ত পরীক্ষার জন্য নিবিড় প্রশিক্ষণ
রাজ্য সরকারে
রাজ্যে একমাত্র ICS-এ
প্রতি সপ্তাহে চারদিন ক্লাস * সাপ্তাহিক মক্-টেস্ট * সাপ্তাহিক জিকে ম্যাট ইংরাজী ও বাংলা মাধ্যমে স্টাডি ম্যাটেরিয়ালস্ * আর্টবাহিনীর জন্য আলাদা স্পেশাল ক্লাস
ICS-এ ক্লাস নিচ্ছেন কেবলমাত্র রাজ্যের প্রথম শ্রেণীর পত্র-পত্রিকা ও ম্যাগাজিনের বিশেষজ্ঞ ও স্বনামধন্য লেখক-লেখিকারা
ICS-এর কম্বাইন্ড কোর্সে
✓ প্রতি মাসে নতুন ব্যাচ।
✓ চাকরি না পাওয়া পর্যন্ত প্রশিক্ষণ।
✓ প্রতি ব্যাচে 95% এর বেশী সাফল্য।
ফোন : 786-400-2150, 97348-65456

**Red Plus Vocational Training Centre** 50 RED PLUS SOCIETY
AFFILIATION NO : NCVRT/WB/4045/VTC
Centre of Health & Paramedical Science
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করার পর কী করবেন চিন্তা করছেন? সত্বর যোগাযোগ করুন :
নার্সিং-এ 100% কর্মজীবন সহায়তা
ANM • GNM
B.Sc. • M.Sc. • P.B.B.Sc.
Approved by INC
ফার্মাসিস্ট B.PHARMA / D.PHARMA
■ Diploma in Medical Laboratory Technology (DMLT) 2 yrs. Course যোগ্যতা- উচ্চ মাধ্যমিক পাশ
প্র্যাক্টিক্যালের সুবিধা
যাঁরা অন্যান্য প্রতিষ্ঠান থেকে ANM ও GNM কোর্স করছো বা কোর্স শেষ করেছো, তাঁদের জন্য Red Plus-এর নিজস্ব হসপিটালে হাতে-কলমে প্র্যাক্টিক্যাল করার সুযোগ রয়েছে।
ভর্তি চলছে 2022-23 সেশনে
➔ স্টুডেন্ট ক্রেডিট কার্ড সুবিধা।
➔ নিজস্ব হসপিটালে প্র্যাক্টিক্যাল করার সুবিধা।
➔ ন্যূনতম ফি ও কিস্তির মাধ্যমে পরিশোধ করার সুবিধা।
➔ সকল ডিগ্রি সমস্ত সরকারি বেসরকারি চাকরিতে সর্বত্র মান্যতাপ্রাপ্ত।
➔ ছেলে ও মেয়ে পৃথক হোস্টেল ও স্বাস্থ্যকর খাবারের ব্যবস্থা।
চাকরি পাওয়ার দুর্দিনে অভাবনীয় চাকরির সুযোগ এনে দিয়েছে
RED PLUS SOCIETY
All courses are conducted in the Hospital's own department
Admission going on now at your doorstep
Baghajatin Centre
403, West Rajapur, Baghajatin Station Road, Kolkata- 32
M: 9830067756 / 9903370881
email: redplusvtc2021@gmail.com

**মৌলানা আবুল কালাম আজাদ প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্বীকৃত**
**এগ্রিকালচার ও ফিশারি ম্যানেজমেন্টের পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি**
রাজ্য সরকার অনুমোদিত মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অব টেকনোলজি (ম্যাকাউট) (পূর্বতন WBUT) এর CCPTR গুরুকুল এর সাথে যৌথ উদ্যোগে যে কোনো শাখায় গ্র্যাজুয়েট ছাত্রছাত্রীদের জন্য শুরু করেছে ১ বছরের কর্মসংস্থানমুখী POST GRADUATE DIPLOMA IN AGRICULTURE & FISHERY MANAGEMENT কোর্স। আজ যখন অন্য সেক্টরে জব নেই বা চাকরি চলে যাচ্ছে বা স্বনিযুক্তির কোনো দিশা দেখা যাচ্ছে না, তখন এগ্রিকালচার ও ফিশারি সেক্টরে দেশের ৬০% নিরন্তর কর্মসংস্থান হয়ে চলেছে। কোর্স শেষে রয়েছে অফুরন্ত কাজের সুযোগ, সঙ্গে স্বনিযুক্তির হাতছানি। কারণ ভারত কৃষিপ্রধান দেশ এবং কৃষি ও মৎস্যচাষ আমাদের অর্থনীতির মূল স্তম্ভ। গুরুকুল কলকাতা ক্যাম্পাসে ছাত্রছাত্রীরা পাচ্ছে সর্বশ্রেষ্ঠ ও সর্বাধুনিক কৃষিবিদ্যা ও মৎস্য বিজ্ঞান ম্যানেজমেন্ট-এর শিক্ষা। গুরুকুল কলকাতা ক্যাম্পাসে আছে ভারতের প্রথিতযশা অধ্যাপকদের কাছে শিক্ষালাভের সুযোগ, আছে নিজস্ব এগ্রিকালচার ফার্ম, সর্বাধুনিক সয়েল ও ওয়াটার অ্যানালাইসিস ল্যাব, জেনেটিক্স ও মাইক্রোবায়ো ল্যাব, অটোমেটেড পলি হাউস, শেড নেট, মডার্ন ইরিগেশন সিস্টেম ও লাইব্রেরি। আছে নিজস্ব ফিশারি, পশুপালন ইউনিট, ভার্মিকম্পোস্টিং ও অ্যাগ্রোফরেস্ট্রি ইউনিট, মেডিসিনাল প্ল্যান্ট গার্ডেন। পুরো ক্যাম্পাসে আছে সিসিটিভি-র সুরক্ষা। পড়াশুনোর সাথে-সাথে থাকছে একাধিক এক্সট্রা চাকুরিমুখী বিভিন্ন ইন্ডাস্ট্রিতে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং (যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে এবং চাকরিই শিক্ষার্থীকে খুঁজে নেয়), ফ্রি সফট স্কিল, স্পোকেন ইংলিশ ও ইন্টারভিউ সেশন ও ১০০% প্লেসমেন্ট সাপোর্ট ও সর্বোপরি Maulana Abul Kalam Azad University of Technology (MAKAUT) এর গভর্ন্যান্স ও সার্টিফিকেট। তাই যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছাত্রছাত্রী ও অভিভাবকদের কাছে আজ গুরুকুলই প্রথম পছন্দ। কোর্সে সীমিত আসনে ভর্তির জন্য আজই যোগাযোগ করুন এই ঠিকানায় — Gurukul Edutech Education & Research Foundation, Langalberia, Laskus Campus, Kolkata- 700145, Ph- 9804720425, 7059918186, 9051352337। ওয়েবসাইট- www.gurukulinstitute.org.in।
বিজ্ঞাপন

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। 'জলাতঙ্ক' রোগ মূলত শরীরের কোন অংশকে ক্ষতিগ্রস্ত করে — স্নায়ুতন্ত্রকে।

২। রক্তে কার্বন-ডাই-অক্সাইড বাড়লে শ্বাসক্রিয়া কেমন হয় — বাড়ে।

৩। এক কাপ চায়ে কত মিলিগ্রাম ক্যাফিন পাওয়া যেতে পারে — ৬০ মিলিগ্রাম।

৪। অর্জিত বৈশিষ্ট্যের বংশানুসরণ কোন তত্ত্বে পাওয়া যায় — ল্যামার্কের তত্ত্বে।

৫। ক্ষারীয় পটাশিয়াম পাইরোগ্যালেট দ্রবণ কোন গ্যাসের সংস্পর্শে বাদামি রং ধারণ করে — অক্সিজেন।

৬। কোন যন্ত্রাংশের সাহায্যে রেশম মথের সুতো নির্গত হয় — স্পিনারেট।

৭। ইনফ্লুয়েঞ্জা জীবাণু প্রতিরোধে কোন ওষুধ প্রয়োগ করা হয় — অ্যামান্টাডিন।

৮। কে অ্যাভোগাড্রো সংখ্যার মান নির্ণয় করেন — মার্কিন পদার্থবিদ রবার্ট অ্যান্ড্রুস মিলিকান।



৯। গমনকালে, মানবদেহের কোন অংশটি দেহের ভারসাম্য রক্ষায় বিশেষ ভূমিকা নেয় — লঘুমস্তিষ্ক।

১০। প্লবতা সর্বদা কোনদিকে ক্রিয়া করে — অভিকর্ষের বিপরীতে।

## ইতিহাস

১১। 'ভারতীয় বিশ্ববিদ্যালয় আইন' কত সালে বিধিবদ্ধ হয় — ১৯০৪ সালে।

১২। 'মিলিন্দ পহ্ন' বইটি কার লেখা — মিনান্দারের।

১৩। 'হান্টার কমিটি' কবে তৈরি হয় — ১৯১৯ সালে।

১৪। পি. এন. ঠাকুর কার ছদ্মনাম ছিল — রাসবিহারী বসু।

১৫। মহাবীরের মৃত্যু হয় কোথায় — পাবা নগরীতে।

১৬। কার রাজসভায় 'অষ্টদিগগজ' দেখা যায় — কৃষ্ণদেব রায়।

১৭। মোগল আমলে 'জিজিয়া' নামের করটি কাদের কাছ থেকে আদায় করা হত — হিন্দুদের কাছ থেকে।

১৮। কংগ্রেসের সুরাত অধিবেশন কবে হয় — ১৯০৭ সালে।

১৯। কত সালে গজনির সুলতান মামুদ বিখ্যাত সোমনাথ মন্দির আংশিকভাবে ধ্বংস করে লুঠ করেন — ১০২৪ সালে।

২০। ১৮৫৭ সালের মহাবিদ্রোহে ভারতের শতকরা কত ভাগ দেশীয় রাজন্যবর্গ যোগ দেন — মাত্র ১%।

## ভূগোল

২১। বায়ুপ্রবাহ কোন সূত্র মেনে চলে — ফেরেলের সূত্র।

২২। কোন ভূমিরূপকে 'ডিম ভরতি ঝুড়ি' বলে — ড্রামলিনকে।

২৩। ভারতে প্রথম কোন শহরে 'পেট্রো-রাসায়নিক কারখানা' গড়ে উঠেছিল — ট্রম্বে।

২৪। নদী ক্ষয় করার শেষ সীমা কোথায় — সমুদ্রতল (সমুদ্রপৃষ্ঠ)।

২৫। 'রাউরকেল্লা ইস্পাত কারখানা' কোন দেশের সহযোগিতায় গড়ে উঠেছে — জার্মানি।

২৬। 'কাকড়াপাড়া প্রকল্প' কোন নদীর ওপর অবস্থিত — তাপ্তি।

২৭। পৃথিবীর কোন মহাদেশে সবথেকে কম সমভূমি দেখা যায় — আফ্রিকা মহাদেশে।

২৮। কোন দিন সূর্যের উত্তরায়ণ শুরু হয় — ২১ ডিসেম্বর।

২৯। পৃথিবীর কোন অঞ্চলে সারা বছর শীতকাল — মেরু অঞ্চলে।

## অর্থনীতি

৩০। কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের তথ্য অনুযায়ী, ২০২২ সালের নভেম্বরে মোট জিএসটি সংগ্রহের পরিমাণ কত টাকা — ১,৪৫,৮৬৭ কোটি।

৩১। ২০২৪ সালের মার্চের মধ্যে, কোন ২টি বিমানসংস্থাকে সংযুক্তিকরণ করা হবে — 'ভিস্তারা' ও 'এয়ার ইন্ডিয়া'।

৩২। সম্প্রতি কোন সংস্থা ৭,০০০ কোটি টাকায়, ভারতের জনপ্রিয়তম বোতলজাত পানীয় জলের সংস্থা 'বিসলেরি ইন্টারন্যাশনাল'কে কিনে নিচ্ছে — টাটা কনজিউমার প্রোডাক্টস।

৩৩। কোন দেশ সম্প্রতি চিনের 'হুয়াওয়ে', 'জেডটিই', 'দাহুয়া', 'হিকভিশন' ও 'হাইতেরা' প্রযুক্তি কোম্পানির পণ্য আমদানি ও বিক্রি নিষিদ্ধ করল — মার্কিন যুক্তরাষ্ট্র (জাতীয় নিরাপত্তার স্বার্থে সর্বসম্মতিক্রমে এই নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে)।

৩৪। ভারত সম্প্রতি মলদ্বীপকে কত টাকা আর্থিক সহায়তা দিয়েছে — ১০০ মিলিয়ন মার্কিন ডলার।

## সাম্প্রতিক ঘটনা

৩৫। 'ভারতীয় নৌসেনা দিবস' কবে পালিত হয় — ৪ ডিসেম্বর।

৩৬। ২০২২ সালে কে 'মিস আর্থ'এর



সম্মান পেলেন — দক্ষিণ কোরিয়ার মিনা সু চোই।

৩৭। 'জাতীয় পরিসংখ্যান কমিশন'এর পার্ট-টাইম চেয়ারপার্সন হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — রাজীব লক্ষ্মণ করান্দিকর।

৩৮। দেশের কোন ৩টি বিমানবন্দরে সম্প্রতি অত্যাধুনিক ফেসিয়াল রেকগনিশন পদ্ধতি তথা 'ডিজি যাত্রা' পরিষেবা চালু করল কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ মন্ত্রক — দিল্লি, বেঙ্গালুরু ও বারাণসী (এই নতুন প্রযুক্তির মাধ্যমে, এবার থেকে শুধুমাত্র মুখের ছবি তুলিয়েই সরাসরি বিমানে উঠতে পারবেন যাত্রীরা)।

৩৯। ২০২২ সালে কে 'নিউ ইন্ডিয়া ফাউন্ডেশন'এর তরফ থেকে 'কমলাদেবী চট্টোপাধ্যায় এনআইএফ বই পুরস্কার' পেলেন — ইতিহাসবিদ-কর্মী শেখর পাঠক ('The Chipko Movement : A People's History' বইটির জন্য এই পুরস্কার পেলেন তিনি)।

৪০। সম্প্রতি 'সায়েন্স, টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যাথমেটিক্স'এর (স্টেম) অস্ট্রেলিয়ার সুপারস্টারস হিসাবে নির্বাচিত হওয়া ৬০ জন বিজ্ঞানী, প্রযুক্তিবিদ, ইঞ্জিনিয়ার ও গণিতবিদদের মধ্যে স্থান পেলেন ৩ জন ভারতীয় বংশোদ্ভূত মহিলা। এঁদের নাম কী — নীলিমা কাদিয়ালা, ড.আনা বাবুরামানি ও ড.ইন্দ্রাণী মুখার্জি।

৪১। 'অ্যাডভার্টাইজিং এজেন্সিস অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — প্রশান্ত কুমার।

৪২। কোন ২ সংস্থা সম্প্রতি যৌথভাবে প্রথমবারের মতো, বিমানের ইঞ্জিনে জ্বালানি হিসাবে হাইড্রোজেন ব্যবহারের সফল পরীক্ষা চালালো — ব্রিটিশ বিমান সংস্থা 'ইজি জেট' ও ব্রিটিশ গাড়ি প্রস্তুতকারক প্রতিষ্ঠান 'রোলস রয়েস'।

৪৩। সম্প্রতি ভারতের কোন রাজ্যে সিপকোট (স্টেট ইন্ডাস্ট্রিজ প্রোমোশন কর্পোরেশন অফ তামিলনাড়ু লিমিটেড) ইন্ডাস্ট্রিয়াল পার্কের উদ্বোধন করা হয়েছে — তামিলনাড়ু।

৪৪। সম্প্রতি উত্তরাখণ্ডের প্রচারদূত হিসাবে কে মনোনীত হলেন — প্রসূন জোশী।

৪৫। কে সম্প্রতি 'ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন'এর সদস্য হিসাবে মনোনীত হলেন — প্রাক্তন স্বাস্থ্য সচিব প্রীতি সুদান।

৪৬। ২০২২-'২৩ সালের জন্য, 'ইনস্টিটিউট অফ কস্ট অ্যাকাউন্ট্যান্ট অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাবে কে মনোনীত হলেন — বিজেন্দর শর্মা।

৪৭। সম্প্রতি গুজরাতে সোমনাথ জেলার গির অরণ্যে মাত্র ১ জন ভোটারের জন্য একটি ভোটকেন্দ্র স্থাপন করল নির্বাচন কমিশন। ওই ভোটারের নাম কী — মহন্ত হরিদাসজি উদাসিন।

৪৮। শত্রুপক্ষের ড্রোনকে ধ্বংস করতে সম্প্রতি বাজপাখিকে প্রশিক্ষণ দিল ভারতীয় সেনাবাহিনী। এই বাজপাখিটির নাম কী — অর্জুন।

৪৯। 'জাতীয় অনগ্রসর শ্রেণি কমিশন'এর চেয়ারপার্সন হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — হংসরাজ গঙ্গারাম আহির।

৫০। 'আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস' কবে পালিত হয় — ৩ ডিসেম্বর।

৫১। কোন দেশের সেনার সঙ্গে সম্প্রতি ১২ তম 'অগ্নি ওয়ারিয়র' অনুশীলন করল ভারত — সিঙ্গাপুর।

৫২। এখন রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদের সভাপতিত্ব করছে কোন দেশ — ভারত।

৫৩। অন্ধ্র প্রদেশের চিফ সেক্রেটারি হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — জওহর রেড্ডি।

৫৪। 'Brave Hearts of Bharat : Vignettes from Indian History' বইটির লেখক কে — বিক্রম সম্পথ।

৫৫। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'এক জেলা এক ক্রীড়া' প্রকল্প চালু করল — উত্তর প্রদেশ।

৫৬। 'জাতীয় দূষণ নিয়ন্ত্রণ দিবস' কবে পালিত হয় — ২ ডিসেম্বর (১৯৮৪ সালে 'ভোপাল গ্যাস দুর্ঘটনা'র নির্মম ইতিহাসের স্মরণে এই দিনটি পালিত হয়)।

৫৭। ২০২২ সালে ২৩ তম 'হর্নবিল উৎসব' ভারতের কোন রাজ্যে অনুষ্ঠিত হয়েছে — নাগাল্যান্ড।

৫৮। ভারতের সেনাবাহিনী কোন রাজ্যে সম্প্রতি 'সুদর্শন প্রহর' নামে সেনা মহড়া করল — রাজস্থানে।

৫৯। ভারতের বৃহত্তম আন্তর্জাতিক যোগা সেন্টার কোথায় তৈরি করা হয়েছে — জম্মু ও কাশ্মীরের উধমপুরে।

৬০। ২০২২ সালে ৫৩ তম 'ভারতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এ মর্যাদাপূর্ণ 'গোল্ডেন পিকক পুরস্কার' জিতল 'আই হ্যাভ ইলেক্ট্রিক ড্রিমস' চলচ্চিত্র। এটি কোন ভাষার চলচ্চিত্র — স্প্যানিশ।

৬১। 'বিশ্ব এইডস দিবস' কবে পালিত হয় — ১ ডিসেম্বর।

৬২। কোন প্রাণীকে সম্প্রতি 'খাদ্য প্রাণী' হিসাবে অনুমোদন দিল 'ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ড অথরিটি অফ ইন্ডিয়া' — হিমালয়ান চমরীগাই।

৬৩। মার্কিনি অভিধান 'মেরিয়াম-ওয়েবস্টার'এর বিচারে, '২০২২ সালের সেরা শব্দ'এর তকমা পেল কোন শব্দ — গ্যাসলাইটিং।

৬৪। ২০২২ সালে ৫৩ তম 'ভারতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এ কোন চলচ্চিত্র আইসিএফটি-ইউনেস্কো গান্ধী পদক' পেল — ইরানি চলচ্চিত্র 'নারগেসি'।

৬৫। সম্প্রতি ভারতের কোন রাজ্যে 'ডক্টর আপকে দ্বার' নামে মোবাইল হেলথ ক্লিনিক উদ্বোধন করলেন কেন্দ্রীয় মন্ত্রী আর.কে.সিং — বিহার।

৬৬। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'হর ঘর গঙ্গাজল' প্রকল্প চালু করল — বিহার (রাজ্যের শুষ্ক এলাকায় কলে গঙ্গার জল সরবরাহ করতে এই প্রকল্প চালু করা হয়েছে)।

৬৭। ২০২২ সালে 'কুভেম্পু রাষ্ট্রীয় পুরস্কার' পেলেন ইমায়াম আকা ভি আন্নামালাই। তিনি কোন ভাষার লেখক — তামিল।

৬৮। পশ্চিমবঙ্গ হেরিটেজ কমিশনের চেয়ারম্যান এখন কে — আলাপন বন্দ্যোপাধ্যায়।

৬৯। সোলার প্ল্যান্টের জন্য, ভারতে প্রথম খুচরো মিউনিসিপ্যাল গ্রিন বন্ড ইস্যু করার সিদ্ধান্ত নিল কোন পুরসভা — মধ্য প্রদেশের ইন্দোর।

৭০। সম্প্রতি ৩৮ বছর পর, আবার নতুন করে অগ্ন্যুৎপাত ও লাভা উদগীরণ শুরু হল বিশ্বের বৃহত্তম সক্রিয় আগ্নেয়গিরি 'মাওনা লোয়া'তে। আগ্নেয়গিরিটি কোথায় অবস্থিত — হাওয়াই দ্বীপ।

৭১। 'মাঙ্কি পক্স'এর নাম বদল করে নতুন নাম কী রাখা হল — এমপক্স।

৭২। উত্তর প্রদেশের প্রথম মহিলা পুলিশ কমিশনার কে — লক্ষ্মী সিং।

৭৩। স্কুল শিক্ষা ও স্বাক্ষরতা বিভাগের



সেক্রেটারি হিসাবে সম্প্রতি কে নিযুক্ত হলেন — সঞ্জয় কুমার।

৭৪। সম্প্রতি ফরাসি বিজ্ঞানীরা কোন দেশে বরফে ঢাকা হ্রদের নীচে চাপা পড়ে থাকা ৪৮,৫০০ বছরের পুরনো 'জম্বি ভাইরাস'কে পুনরুজ্জীবিত করলেন — রাশিয়া।

৭৫। সম্প্রতি ভারত কোন দেশের সঙ্গে 'হারিমাও শক্তি' নামে যৌথ সামরিক মহড়া পরিচালনা করেছে — মালয়েশিয়া।

৭৬। 'আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল দিবস' কবে পালিত হয় — ৭ ডিসেম্বর।

৭৭। সম্প্রতি গোয়াতে কোন দেশের নৌবাহিনীর সঙ্গে সপ্তম 'এক্সারসাইজ সঙ্গম' করল ভারত — মার্কিন যুক্তরাষ্ট্র।

৭৮। কোন মেট্রো সম্প্রতি দীর্ঘতম ডবল ডেকার উড়ালসেতু তৈরি করে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়ল — নাগপুর মেট্রো।

## খেলাধুলা

৭৯। সম্প্রতি প্রয়াত বাবু মণি (৫৯ বছর)



কোন খেলার সঙ্গে যুক্ত ছিলেন — ফুটবল।

৮০। সম্প্রতি প্রথম কোন ভারতীয় ইন্দোনেশিয়ার জাকার্তায় 'ক্যারাটে ১ সিরিজ এ'তে সোনার পদক পেলেন — প্রণয় শর্মা (ইউক্রেনের ডেভিড ইয়ানোভস্কি'কে ৩-২ ব্যবধানে হারিয়ে, পুরুষদের ৬৭ কেজি কুমিতে ফাইনালে এই সোনার পদক পেলেন তিনি)।

৮১। বিশ্ব ফুটবলের ইতিহাসে এই প্রথমবার, কোন ৩ মহিলা রেফারি এবছর পুরুষদের ফুটবল বিশ্বকাপে ম্যাচ পরিচালনার দায়িত্ব পেলেন — ফ্রান্সের স্তেফানি ফ্রাপার্ট, জাপানের ইউশিমি ইয়ামাশিতা ও রুয়ান্ডার সালিমা মুকানসাঙ্গা।

৮২। ২০২২ সালে 'বিজয় হাজারে ট্রফি'তে কোন দল চ্যাম্পিয়ন হল — সৌরাষ্ট্র (মহারাষ্ট্রকে ৫ উইকেটে হারিয়ে)।

৮৩। সম্প্রতি টেস্ট ক্রিকেটে অষ্টম সর্বোচ্চ উইকেট শিকারি হলেন নাথান লিয়ন। তিনি কোন দেশের ক্রিকেটার — অস্ট্রেলিয়া।

৮৪। ২০২২ সালে অন্ধদের জন্য তৃতীয় টোয়েন্টি-২০ বিশ্বকাপ কোথায় অনুষ্ঠিত হল — ভারত।

৮৫। সম্প্রতি কে ১ ওভারে ৭টি ছক্কা মারার বিশ্ব রেকর্ড গড়লেন — রুতুরাজ গায়কোয়াড় ('বিজয় হাজারে ট্রফি'তে, উত্তর প্রদেশের বিরুদ্ধে মহারাষ্ট্রের হয়ে কোয়ার্টার ফাইনালে খেলতে নেমে এই রেকর্ড গড়লেন তিনি)।

৮৬। ২০২২ সালে কে 'বর্ষসেরা প্যারা ক্রীড়াবিদ'এর সম্মান পেলেন — রাইফেল শুটার অবনী লেখারা।

**সঙ্কলক : পলি দেওয়ান**

# সরকারি চাকরি পাওয়ার উত্তরবঙ্গের সেরা প্রশিক্ষণ কেন্দ্র — ABC Tutorials



কর্ণধার জীবনানন্দ সিংহ

**নিজস্ব সংবাদদাতা, রায়গঞ্জ :** গত মাসে কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনে ৮ বাহিনীতে কনস্টেবল পদের বিজ্ঞপ্তি বেরিয়েছিল। শূন্যপদের সংখ্যা তখন ছিল ২৪,৩৬৯। যা পরে বেড়ে হয় ৪৫,২৮৪। যা গত ১০ বছরের মধ্যে শূন্যপদের নিরিখে সবচেয়ে বেশি। কেন্দ্রীয় সরকারের এই পরীক্ষায় ন্যূনতম যোগ্যতা থাকে মাধ্যমিক পাশ। পরীক্ষা নেয় স্টাফ সিলেকশন কমিশন। পরীক্ষা হবে ২০২৩ সালের ১০ জানুয়ারি থেকে ১৪ ফেব্রুয়ারির মধ্যে। অর্থাৎ পরীক্ষার প্রস্তুতির জন্য হাতে আছে আর মাত্র ১ মাস সময়। এই এক মাসের মধ্যে সিলেবাস বুঝে ঠিকঠাক মতো প্রস্তুতি নিলে চাকরি পাওয়া সম্ভব। শুধু দরকার বৈজ্ঞানিক সম্মত উপায়ে মেথডিক্যাল ট্রেনিং- যা রাজ্যে খুব কম প্রশিক্ষণ কেন্দ্রেই আছে। এরকমই একটি প্রশিক্ষণ কেন্দ্র হল উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জের ABC Tutorials. পরীক্ষার প্রস্তুতির ব্যাপারে এই প্রতিষ্ঠানের সুনাম আজ সারা রাজ্যে ছড়িয়ে পড়েছে। কারণ হিসেবে বলা যায় প্রত্যেক বছর ৮ বাহিনী বা রাজ্য পুলিশে এখান থেকে পাশ করা ছেলেমেয়ের সংখ্যা। এই প্রতিষ্ঠানের কর্ণধার জীবনানন্দ সিংহের মতে, 'এই পরীক্ষায় পাশ করতে হলে সবচেয়ে আগে দরকার ঠিকঠাক গাইডেন্স, স্টাডি মেটেরিয়ালস ও বৈজ্ঞানিক পদ্ধতির মাধ্যমে বিশেষ প্রশিক্ষণ- যা পরীক্ষা কেন্দ্রে অন্যান্য পরীক্ষার্থীদের থেকে আপনাকে কয়েকধাপ এগিয়ে রাখবে।' এই পরীক্ষায় ক্র্যাক করার সবচেয়ে বড় বাধা হল এতবড় সিলেবাস- আর সময় মাত্র ১ মাস। কিভাবে পড়লে এ'বারেই চাকরি পাব। উত্তরে জীবনানন্দ বাবু বললেন 'সঠিকভাবে বলতে গেলে এই পরীক্ষায় যে ধরণের প্রশ্ন আসে, তা মূলত মাধ্যমিক স্ট্যান্ডার্ডের। অর্থাৎ যেকোনো মধ্য বা সাধারণ মেধার ছেলেমেয়েরা যদি একটু ঠিকঠাক গাইডেন্স পায় ও সময় ধরে প্রস্তুতি নেয় তাহলেই তারা সহজেই এই পরীক্ষা ক্র্যাক করতে পারবে। আর এই ব্যাপারে আমাদের প্রতিষ্ঠান রাজ্যের মধ্যে সেরা কারণ এখানে যাঁরা স্টাডি মেটেরিয়াল তৈরি করেন, অথবা থিওরিটিক্যাল বা শারীরিক দক্ষতার ক্লাস নেন, তাঁরা সবাই Ex-Serviceman. অর্থাৎ সেনাবাহিনীর লোকই শেখাবে সেনাবাহিনীর চাকরি কিভাবে ক্র্যাক করতে হবে।' এছাড়াও এই প্রতিষ্ঠানের আরেকটি উল্লেখযোগ্য দিক হল এখানে যতদিন পর্যন্ত পরীক্ষায় সফল না হতে পারবেন, ততদিন পর্যন্ত প্রশিক্ষণ চলবে ও এই প্রশিক্ষণের ব্যয়ভারের ৫০% শুধুমাত্র ছেলেমেয়েদের দিতে হবে। এছাড়াও এখানে BSF, CRPF, CISF, SSB, ITBP, NIA, Army, RPF, WBP, KP, Navy সহ WBCS, Combined, Clerkship, CHSL ইত্যাদি পরীক্ষার নিয়মিত ক্লাস নেওয়া হয়। নিজস্ব হস্টেলে থাকা-খাওয়ার সুযোগ আছে। নিজস্ব মাঠে ট্রেনিংয়ের ব্যবস্থাও আছে। নামমাত্র কোর্স ফি নিয়ে এই ধরণের পরীক্ষায় পাশ করে নিজেকে সরকারি চাকরি করতে দেখার স্বপ্ন সফল করতে ফ্রি কাউন্সেলিংয়ের ব্যবস্থা আছে : ৯৩৮২৪৯৮৭২৫ / ৮৫৩৫৯৬৩৪৫৮, ৬২৯৪০১২৬৬৫, ৬২৯১৯৬১৭৭৯ অথবা চলে আসুন সরাসরি এই ঠিকানায় : ABC Tutorials, মহেন্দ্রগঞ্জ, কালিয়াগঞ্জ, কালিয়াগঞ্জ কো-অপারেটিভ বিল্ডিং (নাট মন্দিরের পাশে), উত্তর দিনাজপুর।

# সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টরের ডিপ্লোমা কোর্সে ভরতি

ইন্ডিয়ান ইন্সটিটিউট ফর হেল্থ ট্রেনিংয়ের অধ্যক্ষ রামনারায়ণ মন্ডল জানান, কেন্দ্রীয় সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টরে অ্যাডভান্স ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে। যেকোনো শাখার উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে বেসিক ট্রেনিং থাকলে ভরতির জন্য আবেদন করতে পারেন। ১ বছরের কোর্স। থিওরির পাশাপাশি রয়েছে হাতে-কলমে প্র্যাক্টিক্যাল ট্রেনিং। এছাড়াও এখানে মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজির ডিপ্লোমা কোর্স ও অন্যান্য স্বল্পমেয়াদি স্বাস্থ্য পরিষেবার কোর্সে ভরতি নেওয়া হচ্ছে। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম মাধ্যমিক পাশ। বয়সের কোনো কড়াকড়ি নেই। ১ বছরের স্যানিটারি ইন্সপেক্টর কোর্স পাশ করার পর রেল, পুরসভা, পোর্ট ও অন্যান্য স্বাস্থ্য পরিষেবা সংক্রান্ত ক্ষেত্রে চাকরি পাওয়া যায়। ডিএমএলটি কোর্স পাশ করার পর সরকারি ও বেসরকারি হাসপাতাল, প্যাথলজিক্যাল ল্যাবে চাকরি হয়। এছাড়াও নিজেরাও ল্যাব খুলে ভালো আয় করতে পারেন। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় — আইআইএইচটি, ২২৬ বি. বি. গাঙ্গুলী স্ট্রীট, বউবাজার, কলকাতা-৭০০০১২। ফোন (সকাল ১১টা থেকে বিকেল ৪টে) : ৭০০৩২২৪৪২৭, ৯০৫১২৬০৯২৪, ৯৮৩৬৩৯৬৭৩৪। ওয়েবসাইট : www.iiht.in

# কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত কৃষি ও প্রাণী বিজ্ঞানের কোর্স করে চাকরির সুযোগ

পশ্চিমবঙ্গ-সহ ভারতে কৃষিবিজ্ঞান, প্রাণীসম্পদ বিকাশ ও সহযোগী ক্ষেত্রে উপযুক্ত প্রশিক্ষিত পেশাদারের চাহিদা সর্বত্র। এই বৃহৎ কর্মক্ষেত্রের উপযোগী ও সফল পেশাদার তৈরির লক্ষ্যে পশ্চিমবঙ্গ সরকার ও কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি নিয়ে নদিয়ার কৃষ্ণনগরে শুরু হয়েছে কৃষিবিজ্ঞান ও প্রাণি বিচানের সুসংহত ডিপ্লোমা ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স, যা পাঠ্যক্রমিক পুনর্বিন্যাসের দিক থেকে পশ্চিমবঙ্গে **প্রথম**। বর্তমানে প্রচলিত কৃষিভিত্তিক আলাদা আলাদা ধরনের কোর্সগুলি আসলে নিয়োগ ক্ষেত্রকে সঙ্কুচিত করে। তাই দক্ষ ও উদ্যোগী যুবসমাজের সামনে আরো বৃহত্তর কর্মক্ষেত্রে নিজেকে প্রবেশ করানোর সুযোগ করে দেবে এই ৫টি সুসংহত ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স : **(১) ডিপ্লোমা ইন ভেটেরিনারি সায়েন্সেস অ্যান্ড অ্যানিমাল হাজবেন্ড্রি**। সময়সীমা : ২ বছর সঙ্গে ৬ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। **(২) ডিপ্লোমা ইন অ্যাগ্রিকালচারাল সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট**। সময়সীমা : ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। **(৩) পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ক্রপ প্রোডাকশন অ্যান্ড প্ল্যান্ট হেল্থ ম্যানেজমেন্ট**। সময়সীমা : ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : যে কোনো শাখার গ্র্যাজুয়েট। **(৪) ডিপ্লোমা ইন অ্যাগ্রিকালচারাল সায়েন্স ফর ইনপুট ডিলার্স**। সময়সীমা : ১ বছর যোগ্যতা : মাধ্যমিক পাশ। উল্লেখ্য কর্মরত শিক্ষার্থীদের জন্য এই কোর্সে ছুটির দিনগুলিতে 'Blended' মোড এ ক্লাস করার সুযোগ আছে। সরকারি বিশ্ববিদ্যালয় থেকে এই ধরণের কোর্স পশ্চিমবঙ্গে প্রথম করানো হচ্ছে। এই কোর্স পাশ করার পর সরকারি সারের লাইসেন্স পাওয়ার জন্য আবেদন করা যাবে। **(৫) সার্টিফিকেট ইন মাশরুম কাল্টিভেশন অ্যান্ড স্পন প্রোডাকশন**। সময়সীমা : ৩ মাস। যোগ্যতা : এইট পাশ।

কোর্স শেষে সার্টিফিকেট দেবে কল্যাণী বিশ্ববিদ্যালয়। সরকারি ও অধীনস্ত দপ্তরে আছে চাকরির সুযোগ। এছাড়া বেসরকারি দেশীয় / আন্তর্জাতিক কৃষি-শিল্প ও সহযোগী কোম্পানিতেও উচ্চপদে চাকরির সুযোগ আছে। পাশাপাশি সরকারি লাইসেন্স নিয়ে আছে স্বাধীন ব্যবসার সুযোগ (বীজ ও রাসায়নিক সার, জৈব সার ও রোগ পোকা নিবারণের ওষুধ)। কোর্স শেষে থাকবে ১০০% নিয়োগ সহায়তা। ভর্তি শুরু হয়েছে। আসন সংখ্যা সীমিত। সত্বর যোগাযোগ : Susrijo Institute of Agricultural Science, Technology and Management, WEBEL IT PARK (IT & E Department, Govt. of West Bengal), Krishnagar, Nadia, (Beside Krishnanagar Horticulture Department). Ph. : 8250155379, 9832015253. Website : www.siastm.org


সরকারি চাকরির জন্য নিজেকে প্রস্তুত রেখে ভবিষ্যৎ সুনিশ্চিত করুন

কেন্দ্রীয় আট বাহিনী ও রাজ্য পুলিশে
চাকরী পাওয়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান

Admission চলছে
ইংরাজি ও হিন্দি উভয় ভাষায় পড়ানো হয়

BSF, CRPF, CISF, SSB, ITBP, AR, NIA, SSF, ARMY, RPF, WBP, KP, SSC Gr.D, PSC Gr. C&D

নিউ জেনারেশন কোচিং সেন্টার

Govt. Regd. No- L- 75797 • An ISO 9001:2015 Certified • www.ngcc.in

Head Office- সুমতি প্যালেস
দেবীপুর, পোঃ- চাঁদপাড়া, গাইঘাটা, উত্তর ২৪ পরগনা
9836306785

পথ নির্দেশ : শিয়ালদহ থেকে ট্রেনে বনগাঁ লোকাল ধরে চাঁদপাড়া Station-এ নেমে টোটো বা ভ্যানে করে দেবীপুর বাসস্ট্যান্ড অথবা বনগাঁ থেকে DN44 বা অটো ধরে দেবীপুর।

✓Head Office সম্পূর্ণ আবাসিকদের জন্য। প্রতিদিন ক্লাস
✓এখানে শুধুমাত্র SSC GD এবং অগ্নিবীরদের ভর্তি নেওয়া হচ্ছে।
✓পরীক্ষার আগে পর্যন্ত পড়ানো হবে। ভর্তি ফিজ মাত্র 5,000 টাকা।
✓লিখিত পরীক্ষায় পাশ করতে না পারলে সম্পূর্ণ টিউশন ফিস ফেরতের গ্যারান্টি।

বর্ধমান শহরে খুব শীঘ্রই আমাদের নতুন ব্রাঞ্চ চালু হচ্ছে

গঙ্গারামপুর ব্রাঞ্চ হাইস্কুল রোড, (ফায়ার ব্রিগেডের পাশে), দক্ষিণ দিনাজপুর
গঙ্গারামপুর ব্রাঞ্চে পরীক্ষার প্রস্তুতির সাথে দক্ষ Physical Trainer দ্বারা Run করিয়ে গ্যারান্টি সহ Physical Fit করানো হয়। ফোন : 9073360106

রায়গঞ্জ ব্রাঞ্চ
BBD মোড, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর
ফোন : 9051149723

ইসলামপুর ব্রাঞ্চ
ইসলামপুর হাইস্কুল মোড, কে. পি. সাউন্ডের পাশে, উঃদিঃ
ফোন : 8391084168

সমস্ত ব্রাঞ্চে হেড অফিসের অভিজ্ঞ শিক্ষকগণ পড়াবেন।
সমস্ত ব্রাঞ্চে ক্লাস শুরু হয়ে গেছে ও নতুন ব্যাচে ভর্তি চলছে।

# সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**২৫ নভেম্বর** : 'ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ড'এর ম্যানেজিং ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন মিনেশ সি.শাহ।

❑ ভারতীয় বংশোদ্ভূত জার্মান নাগরিক, গুরদীপ সিং রান্ধওয়াকে জার্মানির থুরিঙ্গিয়া রাজ্য 'খ্রিস্টান ডেমোক্রেটিক ইউনিয়ন' পার্টির প্রেসিডিয়ামে নিযুক্ত করা হল। 'খ্রিস্টান ডেমোক্রেটিক ইউনিয়ন'এর একজন সক্রিয় সদস্য গুরদীপ এর আগে আগস্টে জার্মানিতে ভারতীয় সম্প্রদায়ের প্রথম প্রতিনিধি হিসাবে নির্বাচিত হয়েছিলেন।

❑ তেলেঙ্গানার হায়দরাবাদে, দেশের প্রথম ইন্টিগ্রেটেড রকেট ডিজাইন, ম্যানুফ্যাকচারিং ও টেস্টিং সুবিধা চালু করবে 'স্কাইরুট অ্যারোস্পেস'। রাজ্যের তথ্যপ্রযুক্তি মন্ত্রী কে.তারাকারমা রাও, রাজ্যে রকেটের নকশা তৈরি ও পরীক্ষা করার সুবিধা প্রতিষ্ঠার জন্য বিভিন্ন স্টার্টআপকে সম্পূর্ণ সমর্থন প্রদানের আশ্বাস দিয়েছেন।

❑ ২০২৩ সালে 'প্রজাতন্ত্র দিবস'এর জন্য, মিশরের প্রেসিডেন্ট আব্দেল ফাত্তাহ এল-সিসি'কে প্রধান অতিথি হিসাবে আমন্ত্রণ জানালো ভারত।

❑ ভারতের প্রথম রাজ্য হিসাবে গুজরাতের প্রতিটি জেলায় ১০০% ৫জি ইন্টারনেট পরিষেবা চালু করল 'রিলায়েন্স জিও'। রাজ্যের ৩৩টি জেলার প্রতিটি সদরদফতরে ট্রু ৫জি নেটওয়ার্ক চালু করেছে তারা।

❑ মার্কিন যুক্তরাষ্ট্রের পরামর্শদাতা সংস্থা 'মর্নিং কনসাল্ট'এর তরফ থেকে প্রকাশিত 'গ্লোবাল লিডার অ্যাপ্রুভাল রেটিংস'এর তথ্য অনুযায়ী, ৭৭% অনুমোদন রেটিং নিয়ে বিশ্বের সবথেকে জনপ্রিয় নেতার শিরোপা পেলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই তালিকায়, দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছেন যথাক্রমে মেক্সিকোর প্রেসিডেন্ট আন্দ্রেস ম্যানুয়েল লোপেজ ওব্রাডর (৬৯% অনুমোদন রেটিং) ও অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি আলবানেস (৫৬% অনুমোদন রেটিং)।

❑ 'ভারতীয় প্যারালিম্পিক কমিটি'র সভাপতি ড.দীপা মালিককে 'নিক্ষয় মিত্র'র রাষ্ট্রদূত হিসাবে মনোনীত করল কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক। এটি 'প্রধানমন্ত্রী টিবি মুক্ত ভারত অভিযান'এর অধীনের অন্তর্গত একটি উদ্যোগ।

**২৬ নভেম্বর** : গোয়ায় আয়োজিত, 'ভারতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এ 'প্রসাদ ডিআই পুরস্কার' পেল বিপ্লব সরকার পরিচালিত বাংলাদেশি ফিচার চলচ্চিত্র 'আগন্তুক'। ভিউয়িং রুম সেকশনে এই চলচ্চিত্রটি দেখানো হয়েছিল। এখানেই বিভিন্ন ভারতীয় ও দক্ষিণ এশীয় চলচ্চিত্রগুলিকে চলচ্চিত্র উৎসব, বিশ্বের কাছে বিক্রি বা ডিস্ট্রিবিউশন পার্টনারদের কাছে পাঠানোর আগে নির্বাচন করা হয়ে থাকে।

❑ 'ই-গভর্ন্যান্সের জন্য জাতীয় পুরস্কার'এ, 'এক্সেলেন্স ইন গভর্নমেন্ট প্রসেস রি-ইঞ্জিনিয়ারিং ফর ডিজিটাল ট্রান্সফর্মেশন' বিভাগের অধীনে, 'স্বর্ণ পুরস্কার' পেল পঞ্চায়েতি রাজ মন্ত্রকের ই-পঞ্চায়েত মিশন মোড প্রোজেক্ট (ই-গ্রামস্বরাজ ও অডিটঅনলাইন)।



**প্রখ্যাত অভিনেতা বিক্রম গোখলে (৭৭ বছর) মারা গেলেন। দীর্ঘ ৫০ বছরের অভিনয় জীবনে হিন্দি ছাড়াও, মারাঠি চলচ্চিত্র ও ছোটপর্দাতেও কাজ করেছেন তিনি।**

❑ 'জাতীয় দুগ্ধ দিবস' উপলক্ষ্যে, কৃত্রিম প্রজননের সঙ্গে জড়িত কৃষক, সমবায় ও প্রযুক্তিবিদদের 'জাতীয় গোপাল রত্ন পুরস্কার' দিলেন কেন্দ্রীয় পশুপালন, মৎস্য ও দুগ্ধজাত প্রতিমন্ত্রী ড.সঞ্জীব কুমার বালিয়ান। দেশের দুধ উৎপাদনে অসামান্য অবদানের জন্য এই পুরস্কার দেওয়া হয়েছে। এদিন তিনি জানিয়েছেন, বিশ্বব্যাপী দুধ উৎপাদনে ৩২% অবদান রেখে ভারত এখন বিশ্বের সর্বোচ্চ দুধ উৎপাদনকারী দেশ। দেশে ২২২টি সমবায় রয়েছে, যেখানে ১৭ মিলিয়নেরও বেশি কৃষক দুধ সরবরাহ করেন।

❑ 'জাতীয় সংবিধান দিবস' উপলক্ষ্যে, ভারতীয় সংবিধানের প্রস্তাবনা অনলাইনে পড়ার জন্য www.readpreamble.nic.in পোর্টাল চালু করলেন কেন্দ্রীয় সংসদীয় বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ জোশী। এছাড়াও, ভারতীয় সংবিধানের ওপর প্রশ্নোত্তর অনলাইনে পড়ার জন্য www.constitutionquiz.nic.in পোর্টালও চালু করেছেন তিনি।

❑ চেন্নাইয়ের কাট্টুপল্লীতে, ৪টি সার্ভে ভেসেল (বড়) প্রকল্পের তৃতীয় জাহাজ 'ইক্ষক' চালু করল ভারতীয় নৌবাহিনী। 'গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স' ও 'লার্সেন অ্যান্ড টুব্রো' এই জাহাজটি তৈরি করেছে। সমুদ্রে থাকার সময় নাবিকদের নিরাপত্তা নিশ্চিত করতে সার্ভে ভেসেলগুলি যে ভূমিকা পালন করছে, তার প্রতি সম্মান জানিয়ে এই জাহাজটির নাম রাখা হয়েছে 'ইক্ষক', যার অর্থ হল 'গাইড'। এদিন, সকাল ১০টা ৪০ মিনিট নাগাদ জাহাজটিকে প্রথম বঙ্গোপসাগরের জলে নামানো হয়। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৮ সালের ৩০ অক্টোবর, ২,৪৩৫ কোটি টাকা খরচে ৪টি বড় সার্ভে ভেসেল তৈরির জন্য কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রক ও 'গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স'এর মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছিল। এই ৩টি জাহাজের মধ্যে 'সন্ধ্যায়ক' নামে প্রথম জাহাজটি চালু হয় ২০২১ সালের ৫ ডিসেম্বর ও দ্বিতীয় জাহাজ 'নির্দেশক' চালু হয় এবছরের শুরুতে।

**২৭ নভেম্বর** : পশ্চিমবঙ্গ হেরিটেজ কমিশনের চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন আলাপন বন্দ্যোপাধ্যায়।



**'ভারতীয় অলিম্পিক সংস্থা'র প্রথম মহিলা সভাপতি হিসাবে নিযুক্ত হলেন ট্র্যাক অ্যান্ড ফিল্ড ক্রীড়াবিদ পি.টি.উষা।**

❑ লন্ডনে এক অনুষ্ঠানে, ৫০,০০০ পাউন্ড মূল্যের 'বেইলি গিফোর্ড পুরস্কার'এর বিজয়ী হিসাবে মনোনীত হল ব্রিটিশ লেখিকা ক্যাথরিন রুন্ডেলের লেখা আত্মজীবনীমূলক বই 'Super-Infinite : The Transformations of John Donne'। ৩৬২টি বইয়ের মধ্যে সর্বসম্মতভাবে এই বইটিকে পুরস্কারের জন্য মনোনীত করেছেন বিচারকরা। প্রসঙ্গত উল্লেখ্য, যেকোনো দেশের বর্তমান বিষয়, ইতিহাস, রাজনীতি, বিজ্ঞান, খেলাধুলা, ভ্রমণ, আত্মজীবনী, শিল্পকলা বিষয় নিয়ে লেখা ইংরিজি ভাষার বইকে এই পুরস্কার দেওয়া হয়।

❑ ৭,০০০ কোটি টাকায়, ভারতের জনপ্রিয়তম বোতলজাত পানীয় জলের সংস্থা 'বিসলেরি ইন্টারন্যাশনাল'কে কিনে নিচ্ছে 'টাটা কনজিউমার প্রোডাক্টস'। এর ফলে, 'বিসলেরি'র নতুন মালিক হতে চলেছে 'টাটা গোষ্ঠী'।

❑ গুজরাতে সোমনাথ জেলার গির অরণ্যে মাত্র ১ জন ভোটারের জন্য একটি ভোটকেন্দ্র স্থাপন করল নির্বাচন কমিশন। গিরের ঘন জঙ্গলে বানেজে একটি মন্দিরের কাছে বন বিভাগের অফিসে, মহন্ত হরিদাসজি উদাসিনের জন্য এই ভোটকেন্দ্র স্থাপন করা হয়েছে। উনা নির্বাচনী এলাকার ভোটার তিনি। এছাড়াও, গির বনাঞ্চলের উপজাতি ভোটারদের জন্য আরও ৭টি ভোটকেন্দ্র স্থাপন করা হয়েছে।


## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।


❑ শত্রুপক্ষের ড্রোনকে ধ্বংস করতে এবার বাজপাখিকে প্রশিক্ষণ দিচ্ছে ভারতীয় সেনাবাহিনী। উত্তরাখণ্ডের আউলিতে, মার্কিন সেনাবাহিনীর সঙ্গে 'যুদ্ধ অভ্যাস' নামে যৌথ সামরিক মহড়া চলার সময় একটি পোষা বাজপাখিকে প্রশিক্ষণ দিয়েছেন ভারতীয় সেনাবাহিনীর সেনাকর্তা ও জওয়ানরা। ভারতীয় সেনার প্রশিক্ষণপ্রাপ্ত এই বাজপাখিটির নাম রাখা হয়েছে 'অর্জুন'। সেনাবাহিনীর তরফ থেকে জানানো হয়েছে, ড্রোনের অবস্থান জানানোর ক্ষেত্রে সিদ্ধহস্ত 'অর্জুন'। অনেক উঁচু থেকে ড্রোন চিনে নিতে পারে সে। অর্জুনের মাথায় একটি ছোট্ট ড্রোন ক্যামেরা লাগানো আছে। এর মাধ্যমে ঘাঁটিতে বসেই সীমান্তের বিস্তীর্ণ এলাকায় নজরদারি চালাতে পারবে ভারতীয় সেনাবাহিনী। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে শত্রুদের ধরতে সামরিক অভিযানে কুকুর ব্যবহার করেছে ভারতীয় সেনা। তবে, কোনো পাখি এর আগে ব্যবহার করা হয়নি।

❑ অস্ট্রেলিয়াকে হারিয়ে, প্রথমবার 'ডেভিস কাপ' খেতাব জিতল কানাডা।

**২৮ নভেম্বর** : ২০২২-'২৩ সালের জন্য, 'ইনস্টিটিউট অফ কস্ট অ্যাকাউন্ট্যান্ট অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন বিজেন্দর শর্মা ও ভাইস-প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন রাকেশ ভাল্লা।



**'বিজয় হাজারে ট্রফি'তে, উত্তর প্রদেশের বিরুদ্ধে মহারাষ্ট্রের হয়ে কোয়ার্টার ফাইনালে খেলতে নেমে ১ ওভারে ৭টি ছক্কা মারার রেকর্ড গড়লেন রুতুরাজ গায়কোয়াড়। ঘরোয়া ও আন্তর্জাতিক মিলিয়ে ৫০ ওভারের ক্রিকেটে ১ ওভারে ৭টি ছক্কা মারার নজির বিশ্বে আর কারো নেই। প্রসঙ্গত উল্লেখ্য, এতদিন ভারতীয়দের মধ্যে ৬ বলে ৬ ছক্কার নজির ছিল রবি শাস্ত্রী ও যুবরাজ সিংয়ের। এদিন, এই দু'জনকেও ছাপিয়ে গেলেন রুতুরাজ।**

❑ 'জাতীয় অনগ্রসর শ্রেণি কমিশন'এর চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন হংসরাজ গঙ্গারাম আহির।

❑ ২০২২ সালে ৫৩ তম 'ভারতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এ মর্যাদাপূর্ণ 'গোল্ডেন পিকক পুরস্কার' জিতল স্প্যানিশ ভাষার চলচ্চিত্র 'আই হ্যাভ ইলেক্ট্রিক ড্রিমস'। উৎসবের সেরা চলচ্চিত্র হিসাবে এই পুরস্কার জিতল ভ্যালেন্টিনা মৌরেল পরিচালিত এই চলচ্চিত্রটি।

❑ হিমালয়ান চমরীগাইকে 'খাদ্য প্রাণী' হিসাবে অনুমোদন দিল 'ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ড অথরিটি অফ ইন্ডিয়া'। অরুণাচল প্রদেশের পশ্চিম কামেং জেলার দিরাংয়ে, চমরীগাই সংক্রান্ত 'জাতীয় গবেষণা কেন্দ্র'এর মাধ্যমে এই প্রস্তাব দেওয়া হয়েছিল। এই পদক্ষেপটি প্রচলিত দুধ ও মাংস শিল্পের একটি অংশ। এই স্বীকৃতি পশু পালন থেকে কৃষকদের অর্থনৈতিকভাবে লাভবান হতে সাহায্য করবে। প্রসঙ্গত উল্লেখ্য, 'খাদ্য প্রাণী' হল যেগুলি মানুষের মাধ্যমে খাদ্য উৎপাদন বা ব্যবহারের জন্য ব্যবহৃত হয়।

❑ রাজগীরে, 'হর ঘর গঙ্গাজল' প্রকল্পের সূচনা করলেন বিহারের মুখ্যমন্ত্রী নীতিশ কুমার। রাজ্যের শুষ্ক এলাকায় কলে গঙ্গার জল সরবরাহ করতে এই প্রকল্প চালু করা হয়েছে। এই প্রকল্পটি বর্ষার মরসুমে গঙ্গার অতিরিক্ত জল সংগ্রহ করতে সাহায্য করবে। ৩টি ট্রিটমেন্ট-অ্যান্ড-পিউরিফিকেশন প্ল্যান্টে পাঠানোর আগে এই জল রাজগীর ও গয়ার জলাধারে সংরক্ষণ করা হবে, যেখান থেকে এই জল জনসাধারণের কাছে সরবরাহ করা হবে। রাজ্য সরকারের 'জল, জীবন, হরিয়ালি' প্রকল্পের অংশ এটি।

❑ ২০২৪ সালের মার্চের মধ্যে, ২টি বিমানসংস্থা 'ভিস্তারা' ও 'এয়ার ইন্ডিয়া'কে সংযুক্তিকরণ করা হবে ঘোষণা করল 'সিঙ্গাপুর এয়ারলাইন্স' ও 'টাটা গোষ্ঠী'। সংযুক্তিকরণে লেনদেনের অংশ হিসাবে, এয়ার ইন্ডিয়াতে ২,০৫৯ কোটি টাকা বিনিয়োগ করবে সিঙ্গাপুর এয়ারলাইন্স। সংযুক্তির পর, এয়ার ইন্ডিয়াতে ২৫.১% মালিকানা নিজেদের দখলে রাখবে সিঙ্গাপুর এয়ারলাইন্স।



**২০২২ সালে ৫৩ তম 'ভারতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এ আইসিএফটি-ইউনেস্কো গান্ধী পদক' পেল পায়ম এসকান্দারি পরিচালিত ইরানি চলচ্চিত্র 'নারগেসি'। মহাত্মা গান্ধীর শান্তি, সহিষ্ণুতা ও অহিংসতার আদর্শকে প্রতিফলিত করে, এমন চলচ্চিত্রকে এই পুরস্কার দেওয়া হয়।**

**২৯ নভেম্বর** : ২০২২ সালে 'মিস আর্থ'এর সম্মান পেলেন দক্ষিণ কোরিয়ার মিনা সু চোই।

❑ 'ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন'এর সদস্য হিসাবে মনোনীত হলেন প্রাক্তন স্বাস্থ্য সচিব প্রীতি সুদান।

❑ উত্তরাখণ্ডের প্রচারদূত হিসাবে মনোনীত হলেন প্রসূন জোশী।

❑ আন্ধ্রা প্রদেশের চিফ সেক্রেটারি হিসাবে মনোনীত হলেন জওহর রেড্ডি।

❑ উত্তর প্রদেশের প্রথম মহিলা পুলিশ কমিশনার হিসাবে মনোনীত হলেন লক্ষ্মী সিং।

❑ ২০২২ সালে 'কুভেম্পু রাষ্ট্রীয় পুরস্কার' পেলেন তামিল ভাষার লেখক তথা ঔপন্যাসিক ইমায়াম আকা ভি আন্নামালাই। প্রয়াত কন্নড় লেখক কুভেম্পু'র স্মরণে এই পুরস্কার দেওয়া হয়।

❑ রাজ্যের পেরাম্বালুর জেলার এরাইয়ুরে, সিপকোট (স্টেট ইন্ডাস্ট্রিজ প্রোমোশন কর্পোরেশন অফ তামিলনাড়ু লিমিটেড) ইন্ডাস্ট্রিয়াল পার্কের উদ্বোধন করলেন তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী এম.কে.স্ট্যালিন। পেরাম্বালুরের ইন্ডাস্ট্রিয়াল ব্যাকওয়ার্ড জেলার প্রথম সিপকোট ইন্ডাস্ট্রিয়াল পার্ক এটি। কোয়েম্বাটোর, পেরাম্বালুর, মাদুরাই, ভেলোর ও তিরুভাল্লুর জেলাগুলিতে শিল্প উন্নয়নের প্রচারের জন্য, চেন্নাই-তিরুচি জাতীয় মহাসড়কে এরাইয়ুরে ২৪৩.৪৯ একর জমিতে এই পার্কটি স্থাপন করা হয়েছে।

❑ সোলার প্ল্যান্টের জন্য, ভারতে প্রথম খুচরো মিউনিসিপ্যাল গ্রিন বন্ড ইস্যু করার সিদ্ধান্ত নিল মধ্য প্রদেশের ইন্দোর পুরসভা। ইন্দোর স্মার্ট সিটি'র চিফ এক্সিকিউটিভ অফিসার দিব্যাঙ্ক সিংয়ের মতে, জানুয়ারিতে ১০ বছরের বন্ড বিক্রির মাধ্যমে ৩১.৮ মিলিয়ন ডলার সংগ্রহ করার আশা করছে তারা। এই টাকা সৌর বিদ্যুৎ কেন্দ্রের অর্থায়নে ব্যবহার করা হবে।

❑ প্রথমবারের মতো, বিমানের ইঞ্জিনে জ্বালানি হিসাবে হাইড্রোজেন ব্যবহারের সফল পরীক্ষা চালালো ব্রিটিশ বিমান সংস্থা 'ইজি জেট' ও ব্রিটিশ গাড়ি প্রস্তুতকারক প্রতিষ্ঠান 'রোলস রয়েস'। তাদের দাবি, বিমানের ইঞ্জিনে জ্বালানি হিসাবে হাইড্রোজেন ব্যবহার করার ঘটনা বিশ্বে এটিই প্রথম। বিমানের জ্বালানিকে পরিবেশবান্ধব করতে উদ্যোগ নিয়েছে এই ২টি কোম্পানি। একটি টার্বোপ্রপ ফ্যান ইঞ্জিন পরীক্ষা করেছে তারা, যা ছোট আঞ্চলিক বিমানগুলিতে ব্যবহৃত হয়। এই পরীক্ষার জন্য, স্কটল্যান্ডের 'ওর্কনে দ্বীপপুঞ্জ' থেকে জোয়ার ও বায়ুশক্তি ব্যবহার করে তৈরি করা হয়েছিল সবুজ হাইড্রোজেন। এই উদ্যোগের লক্ষ্য হল, বিমান চালনা শিল্পের বিকাশ অব্যাহত রাখতে হাইড্রোজেন জ্বালানিকে প্রধান ভূমিকায় রাখা ও জলবায়ু পরিবর্তনের প্রভাব কমানো। এরপর, ১৫টি জেট ইঞ্জিনে এই জ্বালানি ব্যবহার করে পরীক্ষা চালানো হবে বলে আশা করছে 'রোলস রয়েস'।

☞ এরপর আগামী সপ্তাহে

**সঙ্কলক : পল্লবী দেওয়ান**

চাকরির পরীক্ষার গাইড

# জেনারেল ইন্টেলিজেন্স

**Direction (Qs. 1-5) :** *Study the following information to answer the given questions.*

Eight people R, S, T, U, V, W, X and Y are sitting around a square table (but not necessarily in the same order) in such a way that four of them sit at four corners while four sit in the middle of each of the four sides. The ones sitting in the middle of the sides are facing outward (ie opposite the centre) and the ones sitting at the corners are facing the centre.

T sits in the middle of one of the sides. Only two persons sits between T and Y. V sits second to the left of X. X faces the same direction as Y (ie, if Y faces the centre then X also faces the centre and if Y faces outward then X also faces outward). Only three persons sit between X and U. R is an immediate neighbour of I; but not of Y Only one person sits between R and S.

1. Four of the following five are alike in a certain way based on the given arrangement and hence form a group. Which one of the following does not belong to that group ?

(A) U (B) R (C) Y
(D) V (E) X

2. What is the position of S with respect to R ?

(A) Second to the right (B) Fourth to the right
(C) Third to the left (D) Third to the right
(E) Second to the left

3. Who sits exactly between T and Y when counted from the left of T ?

(A) R, S (B) V, W (C) V, X (D) R, V (E) U, V

4. Which of the following statements is TRUE regarding W as per the given arrangement ?

(A) W sits at one of the corners of the table (B) W sits second to the left of S (C) W is an immediate neighbour of both V and T (D) None of the given options are true (E) Only three persons sit between W and Y

5. How many persons sit between U and V when counted from the left of V?

(A) One (B) Three
(C) More than three (D) None (E) Two

6. In a certain code language, 'give your book' is coded as 'sk dg ap' and 'book my tickets' is coded as 'dg le nb'. What is the code for 'give' in the given code language ?

(A) dg (B) nb (C) Either 'ap' or 'sk'
(D) Either 'dg' or 'nb' (E) le

**Direction (Qs. 7-11) :** *Study the following information carefully and answer the given questions.*

When a word and number arrangement machine is given an input line of words and numbers, it arranges them following a particular rule. The following is an illustration of input and rearrangement. (All the numbers are two-digit numbers.)

**Input :** 49 78 risen zebra 56 casio 26 house
**Step I :** casio 49 78 risen zebra 56 26 house
**Step II :** casio 49 78 risen zebra 56 house 26
**Step III :** house casio 49 78 risen zebra 56 26
**Step IV :** house casio 78 risen zebra 56 26 49
**Step V :** risen house casio 78 zebra 56 26 49
**Step VI :** risen house casio 78 zebra 26 49 56
**Step VII :** zebra risen house casio 78 26 49 56
**Step VIII :** zebra risen house casio 26 49 56 78

And Step VIII is the last step of the given arrangement as the intended output of the arrangement is obtained.

As per the rules followed in the given steps find the appropriate steps for the given input.

**Input :** 36 15 queen grams tiger 84 yacht 67

7. What is the 4th element to the left of the seventh element from the left end in step VI of the given arrangement ?

(A) queen (B) 67 (C) grams (D) yacht (E) 15

8. In which of the following steps of the given arrangement is '36 queen tiger' found consecutively in the same order ?

(A) Step IV (B) Step VI (C) Step II (D) Both Step VII and Step VI
(E) Both Step II and Step V

9. How many steps are required to complete the arrangement ?

(A) One (B) Three (C) None
(D) More than three (E) Two

10. How many elements are there between 'grams' and '15' in step VII ?

(A) Six (B) Seven (C) Nine
(D) Eight (E) None of these

11. In step I, 'grams' is related to '15' following a certain pattern. Following the same pattern, '84' is related to '67' in step IV. In step VIII, which of the following is 'queen' related to, following the same pattern ?

(A) 36 (B) 15 (C) yacht (D) 84 (E) 67

**Direction (Qs. 12-14) :** *In each question, relationship between different elements is shown in the statements. The statements are followed by conclusions. Study the conclusions based on the given statements and select the appropriate answer.*

12. **Statements :**

$D < E \le F < G; R < F \le C$

**Conclusions :**

I. $G < C$ II. $R \le D$

(A) Only conclusion II is true
(B) Neither conclusion I nor II is true
(C) Only conclusion I is true
(D) Both conclusion I and II are true
(E) Either conclusion I or II is true

13. **Statements :**

$D < E \le F < G; R < F \le C$

**Conclusions :**

I. $C \ge D$ II. $R < G$

(A) Both conclusion I and II are true
(B) Only conclusion II is true
(C) Neither conclusion I nor II is true
(D) Only conclusion I is true
(E) Either conclusion I or II is true

14. **Statements :**

$I \ge M = A \le W < V; A \ge E$

**Conclusions :**

I. $I \ge E$ II. $V = E$

(A) Either conclusion I or II is true (B) Both conclusion I and II are true (C) Neither conclusion I nor II is true
(D) Only conclusion II is true
(E) Only conclusion I is true

**Direction (Qs. 15-19) :** *Study the following information carefully to answer the given questions.*

Seven people J, K, L, M, N, O and P have to attend a seminar on seven different days of the same week starting from Monday and ending on Sunday, but not necessarily in the same order.

K has to attend the seminar on Wednesday. Only one person has to attend the seminar between K and R J attends the seminar immediately after R. The number of persons who have to attend the seminar before J is the same as that who have to attend the seminar after L. Only one person has to attend the seminar between L and M. O has to attend the seminar immediately after M.

15. On which of the following days does N have to attend the seminar ?

(A) Sunday (B) Thursday (C) Saturday (D) Wednesday (E) Tuesday

16. If all the persons are made to attend the seminar in alphabetical order from Monday to Sunday, then the day of attending the seminar of how many persons will remain unchanged ?

(A) More than three (B) Three
(C) One (D) Two (E) None

17. As per the given arrangement, four of the following five are alike in a certain way and hence form a group. Which of the following does not belong to the group ?

(A) M- Friday (B) M-Wednesday
(C) O-Sunday (D) O-Thursday
(E) J-Wednesday

18. Who among the following has to attend the seminar on Friday ?

(A) N (B) O (C) P (D) J
(E) Other than those given as options

19. How many people have to attend a seminar after J ?

(A) One (B) Two (C) More than three
(D) Three (E) None

**Direction (Qs. 20-22) :** *Study the given information carefully to answer the given questions.*

D is son of P. P is daughter of M. S is married to M. R and H are children of S. W is husband of H. K is son of W.

20. If M does not have any son, then how is R related to D ?

(A) Uncle (B) Son-in-law
(C) Sister (D) Brother (E) Aunt

21. How is D related to K ?

(A) Father-in-law (B) Cousin
(C) Grandfather (D) Uncle
(E) Brother-in-law

22. How is W related to P ?

(A) Brother-in-law (B) Uncle
(C) Father (D) Father-in-law
(E) Grandfather

## সেকেন্ডে উত্তরের কৌশল

*1 থেকে 5 নং প্রশ্নের উত্তরের জন্য নিচের ছবিটি এঁকে নিলে বুঝতে সুবিধা হবে :*




**1(B).** R ছাড়া বাকি সবাই কেন্দ্রের দিকে মুখ করে বসে।

**2(A). 3(C). 4(D). 5(A).**

**6(C).** এখানে,

give your book → sk dg ap ... (i)
book my tickets → dg le nb ...(ii)
(i) ও (ii) থেকে পাই, book → dg ... (iii)
(i) ও (iii) থেকে পাই, give/your → sk/ap

*7 থেকে 11 নং প্রশ্নের উত্তরের জন্য নিচের ব্যাখ্যা দেওয়া হল :*

**Input :** 36 15 queen grams tiger 84 yacht 67
**Step I.** grams 36 15 queen tiger 84 yacht 67
**Step II.** grams 36 queen tiger 84 yacht 67 15
**Step III.** queen grams 36 tiger 84 yacht 67 15
**Step IV.** queen grams tiger 84 yacht 67 15 36
**Step V.** tiger queen grams 84 yacht 67 15 36
**Step VI.** tiger queen grams 84 yacht 15 36 67
**Step VII.** yacht tiger queen grams 84 15 36 67
**Step VIII.** yacht tiger queen grams 15 36 67 84

**7(C).** Step VI'এ বাঁদিক থেকে সপ্তম পদের বাঁদিকে চতুর্থ পদটি হবে = (7 – 4) = 'grams'.

**8(C). 9(D). 10(E). 11(D).**

**12(B).** প্রদত্ত :

$D < E \le F < G$ ... (i)
$R < F \le C$ ... (ii)

সিদ্ধান্ত I এর জন্য,
(i) ও (ii) থেকে পাই, $C \ge F < G$.
অর্থাৎ C ও G এর মধ্যে কোনো সম্পর্ক পাওয়া সম্ভব নয়। তাই, সিদ্ধান্ত I($G < C$) সত্যি নয়।
সিদ্ধান্ত II এর জন্য,
(i) ও (ii) থেকে পাই, $D < E \le F \ge R$
অর্থাৎ, D ও R এর মধ্যে কোনো সম্পর্ক পাওয়া সম্ভব নয়। তাই সিদ্ধান্ত II ($R \le D$) সত্যি নয়।

**13(B).** প্রদত্ত : $D < E \le F < G$ ... (i)
$R < F \le C$ ... (ii)
সিদ্ধান্ত I এর জন্য, $D < E \le F \le C$
অর্থাৎ, $D < C$ বা, $C > D$ সত্যি। কিন্তু, সিদ্ধান্ত I ($C \ge D$) সত্যি নয়।
সিদ্ধান্ত II এর জন্য,
(i) ও (ii) থেকে পাই, $R < F < G$
তাহলে, $R < G$ সত্যি।

**14(E).** প্রদত্ত : $I \ge M = A \le W < V$ ... (i) $A \ge E$ ... (ii)
সিদ্ধান্ত I এর জন্য,
(i) ও (ii) থেকে পাই, $I \ge M = A \ge E$
তাহলে, $I \ge E$ সত্যি।
সিদ্ধান্ত II এর জন্য,
(i) ও (ii) থেকে পাই, $E \le A \le W < V$
তাহলে, $E < V$ সত্যি। কিন্তু, সিদ্ধান্ত II ($V = E$) সত্যি নয়।

*15 থেকে 19 নং প্রশ্নের উত্তরের জন্য নিচের মতো সাজিয়ে নিলে বুঝতে সুবিধা হবে :*

| Day | Person |
|---|---|
| Monday | P |
| Tuesday | J |
| Wednesday | K |
| Thursday | M |
| Friday | O |
| Saturday | L |
| Sunday | N |

**15(A). 16(C).**

| Day | Original Position | New Position |
|---|---|---|
| Mon | P | J |
| Tue | J | K |
| Wed | K | L |
| Thur | M | M |
| Fri | O | N |
| Sat | L | O |
| Sun | N | P |

**17(C). 18(B). 19(C).**

*20 থেকে 22 নং প্রশ্নের উত্তরের জন্য নিচের মতো সাজিয়ে নিলে বুঝতে সুবিধা হবে :*




**20(E).** যদি M'র কোনো ছেলে না থাকে তাহলে R অবশ্যই M'র মেয়ে হবে। অর্থাৎ, R হবে D'র পিসি। **21(B). 22(A).**

*53 থেকে 57 নং প্রশ্নের উত্তরের জন্য নিচের মতো সাজিয়ে নিলে বুঝতে সুবিধা হবে :*

↑ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↑
F G E C D A H B

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

*এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে :* **karmajiggasa@gmail.com** *ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।*

## পশ্চিমবঙ্গ পুলিশে

■ *ট্রাফিক পুলিশে লোক নেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছিলেন কয়েক মাস আগে। কবে বিজ্ঞপ্তি বেরোবে? প্রার্থী বাছাই পদ্ধতি, বয়স, শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি জানাবেন। — সুরঞ্জন পাহাড়ী, বাসুদেব বেড়িয়া, বাসুলি বাজার, পূর্ব মেদিনীপুর।*

■■ এ বিষয়ে এখনো কোনো গেজেট নোটিফিকেশন স্বরাষ্ট্র মন্ত্রক থেকে প্রকাশিত হয়নি। তাই প্রার্থী বাছাই পদ্ধতি, বয়স, শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি ঠিক হয়নি।

■ *রাজ্য পুলিশে সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? বিজ্ঞপ্তি বেরোলে কত দিনের মধ্যে পরীক্ষা হয়? — দেবপ্রীয় সেনগুপ্ত, জিয়াগঞ্জ, মুর্শিদাবাদ।*

■■ রাজ্য পুলিশে সাব-ইন্সপেক্টর পদের গত বারের মেন পরীক্ষা হয়েছে। এখনো ফল বেরোয়নি। নতুন বিজ্ঞপ্তি আগামী বছর বেরোবে।

■ *কলকাতা পুলিশের কনস্টেবল পদের পরীক্ষার তারিখ ঠিক হয়েছে কি? — সৌমিত্র নিয়োগী, ফলতা, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ না, এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

■ *রাজ্য পুলিশের সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষা দিতে হলে ডিগ্রি কোর্সে কত শতাংশ নম্বর পেয়ে থাকতে হয়? —রকি মণ্ডল, বেলুটি, কোটাসুর, বীরভূম।*

■■ যেকোনোশাখার গ্র্যাজুয়েটরা ১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। ডিগ্রি কোর্সে নম্বরের কোনো বাধ্যবাধকতা নেই। সাধারণভাবে ডিগ্রি কোর্স পাশ হলেই যোগ্য।

## পি.এস.সি'র

■ *অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিসের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — তপন বিশ্বাস, পাঁচপোতা, হুগলি।*

■■ পশ্চিমবঙ্গ সরকারের 'ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস'এ কাজের জন্য ২৫ জন ছেলেমেয়ে নেওয়ার বিজ্ঞপ্তি বেরিয়েছে। দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ ডিসেম্বর থেকে ৪ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in, www.pscwbonline.

■ *পি.এস.সি.'র মাধ্যমে ভেটেরিনারি অফিসার পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — প্রিতম সিনহা, তারকেশ্বর, হুগলি।*

■■ পি.এস.সি. মাধ্যমে ভেটেরিনারি অফিসার পদের জন্য দরখাস্ত নেওয়া শুরু হবে ১৮ ডিসেম্বর থেকে। শূন্যপদ আছে ১৫৮টি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.wbpsc.gov.in

■ *আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের যে ইন্টারভিউ হয়েছে, তার ফল কবে বেরোবে? — দিপান্বিতা চক্রবর্তী, অশোকনগর, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ এখনো আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের ইন্টারভিউ শেষ হয়নি। ফল বেরোবে আগামী বছর মার্চ-এপ্রিল মাস নাগাদ।

■ *অঙ্গনওয়াড়ী সুপারভাইজর প্রোমোশনাল প্রার্থীদের যে পরীক্ষা ২০২১ সালের ৩০ ও ৩১ জানুয়ারি হয়েছিল, তার ফল কবে বেরোবে? — মিতালী বিশ্বাস, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ ফল বেরোবে ২০২৩ সালের মার্চ-এপ্রিল মাস নাগাদ।

## রেলে চাকরির

■ *রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরিতে অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার পদের জন্য বয়স কত থাকতে হবে? — পল্লবী দাস।*

■■ বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করলে ৩৫ (তপশিলী হলে ৪০, ও.বি.সি. হলে ৩৮) বছর বয়স পর্যন্ত আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

## প্রাইমারির

■ *প্রাইমারি 'টেট'এর জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স লাগে? — টুকাই দাস। জিয়াউল হক, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ নীচের যেকোনো একটি শিক্ষাগত যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন : (ক) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী, প্রাঃসঃকঃ, এক্সেমটেড ক্যাটেগরি হলে ৪৫%) নম্বর পেয়ে যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা (ডি.এল.এড.) কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। (খ) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী, প্রাঃসঃকঃ, এক্সেমটেড ক্যাটেগরি হলে ৪৫%) নম্বর পেয়ে যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ব্যাচেলর অফ এলিমেন্টারি এডুকেশন (বি.এল.এড.)'এর ৪ বছরের কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।

(গ) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী, প্রাঃসঃকঃ, এক্সেমটেড ক্যাটেগরি হলে ৪৫%) নম্বর পেয়ে যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা রিহ্যাবিলিটেশন কাউন্সিল অফ ইন্ডিয়া ( আর.সি.আই.) স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশাল এডুকেশন)'এর কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।

(ঘ) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী, প্রাঃসঃকঃ, এক্সেমটেড ক্যাটেগরি হলে ৪৫%) নম্বর পেয়ে যেকোনো শাখার গ্র্যাজুয়েটরা বি.এড. কোর্স পাশ হলেও আবেদন করতে পারেন।

সব ক্ষেত্রেই প্রথম ভাষা হিসাবে বাংলা, হিন্দি, উর্দু, নেপালী, সাঁওতাড়, ওড়িয়া বা, তেলুগু ভাষা থাকতে হবে। দ্বিতীয় ভাষা হিসাবে সবার জন্য ইংরিজি বিষয় থাকতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

■ *১১ ডিসেম্বর যে প্রাইমারি 'টেট' হল, তার ফল কবে বেরোবে? — প্রিয়া দত্ত, নীলগঞ্জ, উত্তর ২৪ পরগনা।*

■■ প্রাথমিক শিক্ষা পর্ষদের চেয়ারম্যান গৌতম পাল জানান, আশা করা হচ্ছে, ফল জানুয়ারির মধ্যে বের করার। ফল বেরোনোর কিছুদিন পর থেকে 'টেট' সার্টিফিকেট পাবেন।

## ইউ.পি.এস.সি.'র

■ *ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে আই.এ.এস. হওয়া যায়। এই আই.এ.এস. পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য জানতে চাই। — কলো সরকার, আরামবাগ, হুগলি।*

■■ আই.এ.এস., আই.পি.এস., আই.এফ.এস., আই.আর.এস.-সহ প্রায় ২০টি দফতরে কেন্দ্রীয় সরকারের সেরা সেরা পদে চাকরির জন্য ইউ.পি.এস.সি. সিভিল সার্ভিস পরীক্ষায় সফল হতে হয়।

যেকোনো শাখার পাস বা, অনার্স গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা এই পরীক্ষার জন্য আবেদন করতে পারেন। বয়স দরকার ২১ থেকে ৩২ বছরের মধ্যে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা যথারীতি বয়সে ছাড় পায়। নির্দিষ্ট বয়সের মধ্যে সাধারণ প্রার্থীরা ৬ বার, ও.বি.সি.'রা ৯ বার ও তপশিলীরা যতবার খুশি এই পরীক্ষা দিতে পারেন।

প্রার্থী বাছাই করে ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন সিভিল সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা হয়। তাতে সফল হলে মেন পরীক্ষা। তারপর হয় ইন্টারভিউ। প্রতি বছরই জুন মাস নাগাদ প্রিলি. পরীক্ষা হয় কলকাতা-সহ সারা ভারতের প্রধান প্রধান শহরে।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের মোট ৪০০ নম্বরের ২টি পেপারের পরীক্ষা হয়। প্রথম পেপারে থাকে এইসব বিষয় : (১) জাতীয় ও আন্তর্জাতিক বিষয়ের ওপর সাম্প্রতিক ঘটনা, (২) ভারতীয় ইতিহাস ও ভারতের স্বাধীনতা সংগ্রাম, (৩) ভারতীয় ও বিশ্বের ভূগোল — শারীরিক, সামাজিক, অর্থনৈতিক ভূগোল, (৪) ভারতীয় রাষ্ট্রনীতি ও তাৎপর্য — সংবিধান, পলিটিক্যাল সিস্টেম, পঞ্চায়েতি রাজ, পাবলিক পলিসি, অধিকার ইত্যাদি, (৫) অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন — দীর্ঘস্থায়ী উন্নয়ন, দারিদ্র, অন্তর্ভুক্তিকরণ, প্রাকৃতিক বৈচিত্র্য, সামাজিক ক্ষেত্রে উদ্যোগ (৬) পরিবেশগত ভারসাম্য, আবহাওয়ার পরিবর্তন ও জীব বৈচিত্র্য বিষয়ক (৭) সাধারণ বিজ্ঞান। দ্বিতীয় পেপারে থাকে এইসব বিষয় : (১) কমপ্রিহেনশন, (২) জনসংযোগ দক্ষতা-সহ ব্যক্তিত্ব দক্ষতা, (৩) লজিক্যাল রিজনিং ও অ্যানালিটিক্যাল এবিলিটি, (৪) সিদ্ধান্ত নেওয়া ও সমস্যার সমাধান, (৫) জেনারেল মেন্টাল এবিলিটি, (৬) বেসিক নিউমারেসি (সংখ্যা ও তার সম্পর্ক, দ্রাঘিমাংশ) (মাধ্যমিক লেভেল), ডাটা ইন্টারপ্রিটেশন (চার্ট, গ্রাফ, টেবিল, ডাটা সাফিসিয়েন্সি - মাধ্যমিক লেভেল), (৭) ইংলিশ ল্যাঙ্গোয়েজ কম্প্রিহেনশন স্কিল (মাধ্যমিক লেভেল)। প্রতিটি পেপারে ২০০ নম্বরের পরীক্ষা হবে। সময় থাকে ২ ঘন্টা। প্রশ্ন হয় ইংরিজি ও হিন্দিতে। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে।

প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে মোট শূন্যপদের ১২-১৩ গুণ প্রার্থীকে মেন পরীক্ষার জন্য ডাকা হবে। মেন পরীক্ষায় থাকে ৬০০ নম্বরের ২টি কোয়ালিফাইং পেপার আর ১,৭৫০ নম্বরের ৭টি মেধাভিত্তিক পেপার। কোয়ালিফাইং পেপার আছে এই ২টি : (১) প্রথম পত্র : ভারতীয় ভাষার যেকোনো একটি ভাষা পেপার-৩০০ নম্বর, (২) দ্বিতীয় পত্র : ইংরিজি -৩০০ নম্বর।

এছাড়াও মেধা ভিত্তিক পেপারগুলি হল : (১) প্রথম পত্র : প্রবন্ধ লেখা -২৫০ নম্বর, (২) দ্বিতীয় পত্র : জেনারেল স্টাডিজ-। (ভারতীয় ঐতিহ্য ও সংস্কৃতি, বিশ্বের ভূগোল ও বিশ্বের ইতিহাস)-২৫০ নম্বর, (৩) তৃতীয় পত্র : জেনারেল স্টাডিজ -।। (সংবিধান, রাষ্ট্রনীতি, সামাজিক বিচার ও আন্তর্জাতিক সম্পর্ক) - ২৫০ নম্বর, (৪) চতুর্থ পত্র : জেনারেল স্টাডিজ -।।। (প্রযুক্তি, অর্থনৈতিক উন্নয়ন, বায়ো-ডাইভারসিটি, এনভায়রণমেন্ট, সিকিউরিটি অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট) - ২৫০ নম্বর, (৫) পঞ্চম পত্র : জেনারেল স্টাডিজ -IV (এথিক্স, ইন্টিগ্রিটি ও অ্যাপ্টিটিউট) - ২৫০ নম্বর, (৬) ষষ্ঠ পত্র : ঐচ্ছিক বিষয়ের প্রথম পত্র - ২৫০ নম্বর। (৭) সপ্তম পত্র : ঐচ্ছিক বিষয়ের দ্বিতীয় পত্র - ২৫০ নম্বর।

ঐচ্ছিক বিষয়ের উত্তর দিতে পারবেন বাংলা, ইংরিজি, আসামী, ওড়িয়া, দেবনাগরী বা, অলচিকি ভাষা-সহ অন্যান্য ২২টি আঞ্চলিক ভাষায়। ঐচ্ছিক বিষয়ের প্রতিটিতে থাকে ৩ ঘন্টা সময়।

'মেন' পরীক্ষায় সফল হলে ২৭৫ নম্বরের ইন্টারভিউ। প্রতি বছরই বিজ্ঞপ্তি বেরোয় সাধারণত জানুয়ারি-ফেব্রুয়ারি মাস নাগাদ। বিজ্ঞপ্তি বেরোলে বিস্তারিত তথ্য 'কর্মসংস্থানে' দেওয়া হয়। এছাড়া বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.upsc.gov.in

## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে ক্লার্ক ও গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? এবছর কি বেরোবে? — সুদীপ্ত তরফদার, শ্রীনাথপুর, স্বরূপনগর, উত্তর ২৪ পরগনা।*

■■ ২০২৩ সালে বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা আছে।

■ *স্কুল সার্ভিসের মাধ্যমে নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় দরখাস্ত নেওয়া হবে কি? — বেলা পাল, গোপালনগর, বনগাঁও, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, দরখাস্ত নেওয়া হবে। তবে আগামী বছর প্রথম দিকে বেরোনোর সম্ভাবনা আছে।

## কোর্স ও ট্রেনিং

■ *ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করেছি। মেডিসিনের ব্যবসা করার জন্য যে ড্রাগ লাইসেন্সের দরকার হয়, সেই ফার্মাসির কোর্স করতে পারব কি? — শুভদীপ মুখার্জী, বৈচি, বিবেকানন্দ পল্লী, হুগলি।*

■■ হ্যাঁ, পারবেন। রাজ্য বা, রাজ্যের বাইরের কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ফার্মাসির কোর্স করতে পারবেন।

# রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| সি.আই.এস.এফ.-এ কনস্টেবল (ট্রেডসম্যান) | মাধ্যমিক পাশ | ৭৮৭ | ২০-১২-২২ | www.cisfrectt.in |
| সি.আর.আই.এস.-এ জুনিয়র ইঞ্জিনিয়ার, এক্সিকিউটিভ | ডিগ্রি, ডিপ্লোমা | ২৪ | ২০-১২-২২ | www.cris.org.in |
| স্টিল অথরিটিতে টেকনিশিয়ান অ্যাটেন্ড্যান্ট, ড্রাইভার | ডিপ্লোমা ITI পাশ | ২২৬ | ১৭-১২-২২ | www.sail.co.in |
| পশ্চিম-মধ্য রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক, ITI পাশ | ২,৫২১ | ১৭-১২-২২ | www.wcr.indianrailways.gov.in |
| এইমসে স্টেনো, জুনিয়র ইঞ্জিনিয়ার, অ্যাসিস্ট্যান্ট | MP, ডিপ্লোমা গ্র্যাজুয়েট | ১৯৭ | ১৯-১২-২২ | www.aiimsexams.ac.in |
| নেভিতে অগ্নিবীর | উচ্চমাধ্যমিক | ১,৪০০ | ১৭-১২-২২ | www.joinindiannavy.gov.in |
| নেভিতে অগ্নিবীর | মাধ্যমিক | ১০০ | ১৭-১২-২২ | www.joinindiannavy.gov.in |
| স্টিল অথরিটিতে ম্যানেজমেন্ট ট্রেনি | ডিগ্রি | ৫১ | ১৮-১২-২২ | www.sail.co.in |
| রাজ্য স্বাস্থ্য দফতরে স্টাফ নার্স | GNM, B.Sc (Nursing) | ৬,০৯২ | ২৩-১২-২২ | www.wbhrb.in |
| কেন্দ্রীয় বিদ্যালয়ে প্রাইমারি টিচার, টি.জি.টি, পি.জি.টি. লাইব্রেরিয়ান | HS, গ্র্যাজুয়েট পোস্ট-গ্র্যাজুয়েট | ৯,৫৯০ | ২৬-১২-২২ | www.kvsangathan.nic.in |
| পি.এস.সি. মাধ্যমে অডিট অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার | কমার্স শাখার গ্র্যাজুয়েট | ২৫ | ৪-১-২৩ | www.pscwbapplication.in |
| বিনা খরচে ইঞ্জিনিয়ারিং পড়ে সেনাবাহিনীতে চাকরি | উচ্চমাধ্যমিক | ৯০ | ৩০-১২-২২ | www.joinindianarmy.nic.in |
| ন্যাভাল ডকইয়ার্ডে অ্যাপ্রেন্টিস | ITI পাশ | ২৭৫ | ২-১-২৩ | www.apprenticeshipindia.gov.in |
| দুর্গাপুর স্টিল প্ল্যান্টে টেকনিশিয়ান | ITI ও ডিপ্লোমা | ৫৯ | ৭-১-২৩ | www.sail.co.in |
| ইসরোতে সায়েন্টিস্ট | গ্র্যাজুয়েট | ৬৮ | ১৯-১২-২২ | www.isro.gov.in |
| কোলফিল্ডে চাকরি | ডিপ্লোমা | ৪০৫ | ২২-১২-২২ | www.nclcil.in |
| এয়ারফোর্সে অফিসার | গ্র্যাজুয়েট | ২৫৮ | ৩০-১২-২২ | www.careerindianairforce.cdac.in |

নতুন বিজ্ঞপ্তি আগামী বছর হুগলি। অশোকনগর, হাবড়া, উত্তর ২৪

# রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| সি.আই.এস.এফ.-এ কনস্টেবল (ট্রেডসম্যান) | মাধ্যমিক পাশ | ৭৮৭ | ২০-১২-২২ | www.cisfrectt.in |
